# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## (২০২৫-২০২৬)

---------------------------------------------

# উপজেলা পরিষদ

### পার্বতীপুর, দিনাজপুর

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬)

### উপজেলা পরিষদ

পার্বতীপুর, দিনাজপুর

**সম্পাদনায়ঃ**
মোঃ সাদ্দাম হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর

**কারিগরি নির্দেশনায়ঃ**
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)
স্থানীয় সরকার বিভাগ

**কারিগরি সহযোগিতায়ঃ**
পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরী দল(টিজিপি),উপজেলা পরিষদ,পার্বতীপুর,দিনাজপুর অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি, পার্বতীপুর, দিনাজপুর জনাব মোঃ বুলবুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ, পার্বতীপুর,দিনাজপুর।

**ডিজাইন ও প্রচ্ছদ অলংকরণঃ**
জনাব মোঃ রেজাউর রহমান জুয়েল
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর

**কম্পিউটার কম্পোজঃ**
জনাব মোঃ রেজাউর রহমান জুয়েল
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর

**প্রকাশকালঃ মার্চ ২০২৫ খ্রি**

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬)

## উপজেলা পরিষদ

### পার্বতীপুর, দিনাজপুর



**পার্বতীপুর উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সূচিপত্র:**


| পাঠ নম্বর | অধ্যায় | | বিষয়সমুহ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| প্রথম অংশ | প্রথম অধ্যায় | : | ভূমিকা,প্রেক্ষাপট ও আইনগত ভিত্তি | : | |
| | | | উপজেলার পরিচিতি/নামকরণের ইতিহাস প্রশাসনিক মানচিত্র ও প্রখ্যাত ব্যক্তিবর্গ | : | |
| | | | সম্পাদকীয় | : | |
| | | | পরিকল্পনা প্রণয়নের ধাপ ও প্রক্রিয়াসমূহ | : | |
| | | | | : | |
| | দ্বিতীয় অধ্যায় | : | পার্বতীপুর উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত | : | |
| | তৃতীয় অধ্যায় | : | উপজেলার পরিস্থিতি বিশ্লেষন (Situation Analysis) | : | |
| | চতুর্থ অধ্যায় | : | অর্থের উৎস,বাজেট সার-সংক্ষেপ ও বাজেট বিশ্লেষন | | |
| | পঞ্চম অধ্যায় | : | উপজেলার বিভিন্ন দপ্তর (সরকারী বিভিন্ন দপ্তর ও বেসরকারী সংস্থা,ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত চলমান উন্নয়ন কার্যক্রম | | |
| | ষষ্ঠ অধ্যায় | : | রূপকল্প (Vision) নির্ধারণ করার বিবেচ্য বিষয়সমূহ,মিশন,মূল্যবোধ,পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য ও প্রত্যাশিত ফলাফল | | |
| | সপ্তম অধ্যায় | : | পার্বতীপুর উপজেলায় চিহ্নিত সমস্যা, উন্নয়ন অগ্রাধিকার এবং বার্ষিক পরিকল্পনার খাতওয়ারি ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন/ পরিকল্পনা ফরম্যাট | | |
| | অষ্টম অধ্যায় | : | পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ এবং মধ্যবর্তী ও চুড়ান্ত মূল্যায়ন | | |
| | নবম অধ্যায় | | পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট | | |
| দ্বিতীয় অংশ | দশম অধ্যায় | | উপজেলা পরিষদের স্বচ্ছতা,জবাবদিহীতা ও সুশাসন উন্নয়নের জন্য পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনা | | |
| | একাদশ অধ্যায় | : | উপজেলা পরিষদ ,সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও বার্ষিক পরিকল্পনা প্রণন বিষয়ক কারিগরি কমিটির সদস্যদের তালিকা,উপসংহার | | |


**পার্বতীপুর উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় ব্যবহৃত ছক নম্বর ও ছকের বিষয়বস্তু সমুহ:**


| ছকের নম্বর | ছকের বিষয় বস্তুর নাম | পৃষ্ঠা নম্বর: |
|---|---|---|
| **ছক নম্বর ১:** | পার্বতীপুর উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত | |
| **ছক নম্বর ২:** | পার্বতীপুর উপজেলার বিভিন্ন খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন | |
| **ছক নম্বর ৩:** | পার্বতীপুর উপজেলার বাজেটের অর্থের উৎস/ সম্পদ চিহ্নতকরণের সারসংক্ষেপ | |
| **ছক নম্বর ৪:** | বার্ষিক উন্নয়ন পরিকল্পনার খাতওয়ারি লক্ষ্য,উদ্দেশ্য ও প্রত্যাশিত ফলাফল | |
| **ছক নম্বর ৫:** | বিভিন্ন দপ্তর ও সংস্থা কর্তৃক পরিচালিত চলমান উন্নয়ন কার্যক্রম | |
| **ছক নম্বর ৬:** | উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনার খাতওয়ারি পরিকল্পনা ফরম্যাট | |
| **ছক নম্বর ৭:** | বার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট | |
| **ছক নম্বর ৮:** | উপজেলা পরিষদের স্বচ্ছতা,জবাবদিহীতা ও সুশাসন উন্নয়নের জন্য পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনা | |
| **ছক নম্বর ৯:** | পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের মুল কমিটির সদস্যদের তালিকা | |
| **ছক নম্বর ১০:** | উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সদস্য | |
| **ছক নম্বর ১১:** | বার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি) সদস্য | |

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনার প্রথম অংশ

## প্রথম অধ্যায়:



**১.১:ভূমিকা,প্রেক্ষাপট ও আইনগত ভিত্তি :**

যেকোন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করার গুরুত্ব অপরিসীম। স্থানীয় সরকারের করনীয়/দৃষ্টিভঙ্গি,কাজের দ্বৈততা ও অপ্রয়োজনীয় কার্যক্রম পরিহার,সম্পদের যথাযথ ব্যবহার,উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন তথা দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য পার্বতীপুর উপজেলা পরিষদ কর্তৃক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ ও সংশোধিত ২০১১) এর ৪২ ধারা মোতাবেক দেশের প্রতিটি উপজেলার জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা আইনগতভাবে বাধ্যতামূলক করা হয়েছে। সেই কারনে পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ণের উদ্যোগ গ্রহন করেছে।

তাছাড়া উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুসরণপূর্বক স্থানীয় উন্নয়ন চাহিদার খাতওয়ারি বিভাজন ও উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরণ করা হয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় কৃষি ও ক্ষুদ্র সেচ, মৎস্য ও প্রানিসম্পদ, ক্ষুদ্র ও কুটির শিল্প: পরিবহন ও যোগাযোগ,জনস্বাস্থ্য: শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন, স্বাস্থ্য ও সমাজকল্যাণ,বাজার উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়ন, শিক্ষা উন্নয়ন,যুব ক্রীড়া ও সংস্কৃতি, পল্লী উন্নয়ন ও সমবায়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং পরিচালন ব্যবস্থার উন্নয়নের বিষয় বিচেনায় পার্বতীপুর উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করছে। উপজেলা পরিষদ বাজেট(প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা ২০১০,ধারা ১৩ মোতাবেক বাজেট উন্নয়ন প্রকল্পের বরাদ্দ বা খাতসমুহ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার নিরিখে করতে হবে ।

বার্ষিক উন্নয়ন পরিকল্পনার রুপকল্প,খাতভিত্তিক অধিকতর সুনির্দিষ্ট লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফলের আলোকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় প্রত্যাশিত ফলাফল,বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ও কৌশল নির্ধারন করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিস্থিতি,আর্থ-সামাজিক তথ্য,চলমান উন্নয়ন প্রকল্পের তথ্যাদি এবং আগামী ৫ বছরের পরিকল্পিত পরিকল্পনা কাঠামো বিশ্লেষন করা হয়েছে। তাছাড়া পরিকল্পনার পরিস্থিতি, সম্পদের চিত্রায়ন,অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পরিষদের সক্ষমতা,দুর্বলতা,সম্ভাবনা,চ্যালেঞ্জ ও বাজেট বিশ্লেষন করে পরিমাপযোগ্য সূচক এবং রুপকল্প,খাত ভিত্তিক লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

স্থানীয় ও জাতীয় ফলাফল অর্জনের দিকে গুরুত্ব দিয়ে খাত ভিত্তিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও সকল উন্নয়ন খাত,ধাপ ও প্রক্রিয়া অনুসরণ পূর্বক উন্নয়ন পরিকল্পনার প্রাতিষ্ঠানিক কাঠামো এবং শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও প্রানিসম্পদ ও যোগাযোগ ভৌত অবকাঠামো ইস্যুকে উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রনয়ন করা হয়েছে। উন্নয়ন অগ্রাধিকার ও কৌশল নিধারনের ক্ষেত্রে প্রকল্প বাছাই কমিটি, অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক কমিটি,পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটি(পিজিটি) তথ্য সংগ্রহ ও তথ্য সন্নিবেশ করার ক্ষেত্রে সহায়তা প্রদান করেছে। উক্ত ফরম্যাটে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার প্রকল্প নাম,অভিষ্ঠ লক্ষ্য,পরিমাপযোগ্য সুচক,প্রত্যাশিত ফলাফল ও বাজেট বিভাজন ও অগ্রাধিকারক্রম নির্ধারণ করা হয়েছে।

১.২: পার্বতীপুর উপজেলার নামকরণের ইতিহাস: **বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের সাথে রেল পথে উত্তরাঞ্চলের যোগাযোগের কেন্দ্রবিন্দু , অন্যতম বৃহত্তর রেলওয়ে জংশন ও কারখানার গৌরব এবং খনিজ সম্পদে উজ্জল সম্ভাবনাময় উপজেলটির নাপার্বতীপর । জনশ্রম্নবিহু উপজেলা পার্বতীপুর নামকরণের তথ্যভিত্তিক ইতিহাস পাওয়া যায় না। তবে কেউ কেউ বলেন সুপ্রাচীনকালে হিন্দু অধ্যুষিত এই স্থানে ধুমধামের সাথে হিন্দু সম্প্রদায়ের বিভিন্ন পুজা পার্বন অনষ্ঠিত হতো । এই ধর্মেরই এক দেবতা ''পার্বতী'' ও নাম অনুসারে এ স্থানের নাম পার্বতীপুর হয়। আবার এ ধরনের প্রবাদও চালু আছে যে, খোলাহাটির সন্নিকটে রাজা কিচকের অপূর্ব সুন্দরী মেয়ে ছিল যার নাম পায়রাবতী । পায়রাবতী বাল্য বিধাব ছিল । গড়ের অনতি দুরে ডিমালী নামক দীঘিতে দুর্বৃত্ত কর্তৃক অপহৃত হবার পর তার শ্নীলতাহানী হয় । অতপর পায়রাবতী মনের দুখে ডিমালী দীঘির জলে আত্মহত্যা করে । এই আত্মহত্যাকে কেন্দ্র করে পরবর্তীতে এ স্থানের নাম নাকি পার্বতীপুর হয় । তবে এসব কিংবদমন্তী, প্রবাদ বা জনশ্রম্নতি সমর্থিত নামকরনের পাশ্চাত্যে কোন ঐতিহাসিক সত্যতা নেই ।**

**১.৩: পার্বতীপুর উপজেলার ভৌগলিক অবস্থান:** **অবস্থান ও সীমানা :- জেলা সদর থেকে ঠিক পূর্ব দিকে ২৫.১৯ হতে ২৫.৪৭ ডিগ্রী অক্ষাংশ, ৮৮.৪৯ হতে ৮৯.০৫ ডিগ্রী দ্রাঘিমাংশে পার্বতীপুর উপজেলা অবসিস্থত। পার্বতীপুর উপজেলার উত্তরে নিরফামারী জেরার সৈযদপুর উপজেলা, দক্ষিণে ফুলবাড়ী ও নবাবগঞ্জ উপজেলা, পূর্বে রংপুর জেরার বদরগঞ্জ উপজেলা ও পশ্চিমে চিরিরবন্দরউপজেলা । জেলা সদর থেকে রেল পথের দুরত্ব ৩০ কিলোমিটার ও সড়ক পথে ৩২ কিলেমিটার এবং সড়ক পথে সৈয়দপুর হয়ে পার্বতীপুরের দুরত্ব ৫২ কিলোমিটার।**

**১.৪: পার্বতীপুর উপজেলার প্রশাসনিক মানচিত্র:**



# সম্পাদকীয়

বাংলাদেশের সংবিধানে গণতান্ত্রিক ব্যবস্থা সুপ্রতিষ্ঠিত করার জন্য গ্রামীণ স্থানীয় সরকার ব্যবস্থার মাধ্যম ও গুরুত্বপূর্ণ স্তর হলো উপজেলা পরিষদ। সঠিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত ও টেকসই উন্নয়ন। স্থানীয় জনগোষ্ঠীর চাহিদা পুরণ,কাজের দ্বৈততা পরিহার,সম্পদের সুষ্ঠু ব্যবহার এবং সঠিকভাবে কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। স্থানীয় সম্পদ ও সমস্যার আলোকে উন্নয়নের ক্ষেত্র চিহ্নিতকরণের মাধ্যমে পার্বতীপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা থেকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়ন করা হয়েছে।

শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষি ও সেচ, যুব ও ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূযোর্গ, পরিচালন ব্যবস্থা,জননিরাপত্তা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারণ করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা(২০২৫-২০২৬) প্রণয়ন করা হয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) ও দ্বিতীয় তফসিল (ধারা ২৩),উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা ২০১০ এবং উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের(ইউজিডিপি) কারিগরি নির্দেশনার বিভিন্ন প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে।

পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নের ক্ষেত্রে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,বাংলাদেশের ভিশন (২০২১-২০৪১) সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি),জাতীয় উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করা হয়েছে। পরিকল্পনাকে জনমুখী ও বাস্তবায়নযোগ্য করার জন্য স্থানীয় উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরণ এবং চাহিদার ব্যাপকতা ও সম্পদের সীমাবদ্ধতার মধ্যে সমন্বয় ও ভারসাম্য বজায় রেখে উপজেলা পরিষদের সক্ষমতা বিবেচনায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিস্থিতি বিশ্লেষন ও সম্পদের চিত্রায়ন,অংশীজনের সাথে আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ এবং পরিষদের সক্ষমতা,দুর্বলতা,সম্ভাবনা,চ্যালেঞ্জসমুহ নিরুপণ করা হয়েছে। তাছাড়া বাজেট বিশ্লেষণ,রুপকল্প,খাত ভিত্তিক লক্ষ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ করা হযেছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি ও টিজিপির মতামত ও সুপারিশকে গুরুত্ব দেয়া হয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অর্থের উৎস এবং অর্থ প্রবাহ বিবেচনায় বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও বাজেট বিভাজন করা হয়েছে।

পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬) উন্নয়ন পরিকাঠামো এবং পরিচালন(গভর্ন্যান্স) ব্যবস্থার উন্নয়ন নামে দুটি অংশে বিভক্ত। প্রথম অংশে উন্নয়ন পরিকাঠামো,সকল প্রক্রিয়া, আর্থ-সামজিক তথ্য-উপাত্ত, পরিস্থিতি বিশ্লেষন,বাজেট সার-সংক্ষেপ, চলমান উন্নয়ন কার্যক্রম, রূপকল্প মিশন,মূল্যবোধ,উদ্দেশ্য,প্রত্যাশিত ফলাফল, চিহ্নিত সমস্যা, উন্নয়ন অগ্রাধিকার, খাতওয়ারি ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন/ পরিকল্পনা ফরম্যাট, পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ,মধ্যবর্তী ও চুড়ান্ত মূল্যায়ন, বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট ।

অপরদিকে দ্বিতীয় অংশে পরিচালন (গভর্ন্যান্স) উন্নয়ন পরিকল্পনা,উপজেলা পরিষদের মাসিক সভা, বার্ষিক বাজেট সভা, উপজেলা কমিটির (১৭) সভা, বার্ষিক পরিকল্পনা সভা, প্রকল্প বাছাই কমিটির সভা, সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ, এডিপি ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন, বার্ষিক আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন, উন্নয়ন কার্যক্রমের খাতওয়ারি বিভাজন, নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকারকরণ, উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার, ক্রয় কার্য সম্পাদন, প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ, সিটিজেন চার্টার প্রকাশ, ওয়েব পোর্টাল হালনাগাদ, গণশুনাণী.বার্ষিক পর্যবেক্ষণ প্রতিবেদন প্রণয়ন, উপজেলা পরিষদের সদস্য তালিকা এবং সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির সদস্যদের তালিকা ও উপসংহার।

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নের সময় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কারিগরি নির্দেশনা অনুসরণপুর্বক প্রয়োজনীয় বিষয়বস্তু ও তথ্য-উপাত্ত বিভিন্ন ছক/সারণিতে বিন্যস্থ করা হয়েছে। পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার উন্নয়ন পরিকাঠামো এবং পরিচালন(গভর্ন্যান্স) ব্যবস্থার উন্নয়ন পরিকল্পনার মধ্যে পরিপুরকতা তৈরী করা হয়েছে যাহা স্থানীয় উন্নয়ন চাহিদা ও সীমিত সম্পদের সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে অভিষ্ঠ লক্ষ্যমাত্রা অর্জন এবং সুশাসন উন্নয়নের ক্ষেত্রে একটি ভারসাম্যপূর্ণ অবস্থান তৈরী করবে। প্রকাশিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬) নিঃসন্দেহে ভবিষ্যত কর্মপরিকল্পনার লিখিত দলিল হিসেবে স্থানীয় উন্নয়নে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করবে।

**মোঃ সাদ্দাম হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর,দিনাজপুর

**১.৬: উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ধাপ ও প্রক্রিয়াসমূহ ঃ**

যেকোন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজন সুনির্দিষ্ঠ আইন,বিধি ও নির্দেশিকা অনুযায়ী বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করা। উন্নয়ন পরিকল্পনার প্রাতিষ্ঠানিক কাঠামো এবং বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরূপণ করা হয়েছে। পার্বতীপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ উপজেলার আওতাধীন ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের আগামী ১ বছরের জন্য সমন্বিত ভাবে সামগ্রিক উন্নয়ন দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে।

উপজেলা পরিষদ, জাতিগঠনমুলক সরকারী দপ্তর এবং সংশ্লিষ্ট অংশীজনের আলোচনা /পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে কিছু সংশোধনী সাপেক্ষে পরিকল্পনা প্রণয়নের প্রধান প্রধান ধাপসমূহ অনুসরণপূর্বক পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য উপজেলা পরিষদ নিম্নোক্ত ধাপ ও প্রক্রিয়াসমূহ অনুসরণ করেছে:

- সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও টিজিপির কর্মপরিকল্পনা তৈরী এবং বার্ষিক পরিকল্পনা প্রণয়নের কর্মপরিকল্পনা পর্যালোচনা ।
- উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনের সাথে মতবিনিময় সভা।
- উপজেলার পরিস্থিতি বিশ্লেষণ ও বাজেট বিশ্লেষন এবং সম্পদের চিত্রায়ন করা।
- রুপকল্প,,খাতভিত্তিক লক্ষ্য ও ফলাফলের পরিমাপযোগ্য সূচক এবং অগ্রাধিকার ও কৌশল নির্ধারণ।
- খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা খসড়া প্রণয়ন ও অংশীজনের সাথে শেয়ার করা।
- বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদন এবং প্রকাশ ও প্রচার।

## উপজেলা নির্বাহী অফিসারের বাণী

উপজেলা পরিষদ আইন ১৯৯৮(সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক আর্থ-সামাজিক উন্নয়নের পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়ন করা হয়েছে। উপজেলা পরিষদ একটি স্থানীয় সেবা প্রতিষ্ঠান হিসেবে জনগনের খুব কাছে থেকে চাহিদা ভিত্তিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। আইন,বিধি,পরিপত্র,নির্দেশিকা,উন্নয়ন পরিকল্পনার কাঠামো এবং বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করে সরকারের বিভিন্ন বিভাগ এবং সমন্বয়ের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ পরিকল্পনার রুপরেখা প্রণয়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট অংশীজন ও স্থানীয় জনগনের চাহিদা,মতামত এবং পরামর্শকে গুরুত্ব দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষি ও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূযোর্গ, পরিচালন ব্যবস্থা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারণ করে বার্ষিক পরিকল্পনা(২০২৫-২০২৬)প্রণয়ন করা হয়েছে। উপজেলা পরিষদের নিজস্ব তহবিল, সরকারের উন্নয়ন অনুদান,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউজিডিপি'র অর্থায়নে পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে জাতীয় পরিকল্পনা,সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা,এসডিজি,জাতীয় ও স্থানীয় উন্নয়ন অগ্রাধিকার এবং নিম্ন-উর্ধমূখী পদ্ধতি অনুসরন করা হয়েছে।

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদের,স্বচ্ছতা,জবাবদিহিতা বৃদ্ধি,সুশাষন উন্নয়ন, পরিচালন ব্যবস্থার সক্ষমতা ও সেবার মান উন্নয়ন, তৃণমুলে অংশীজনের সমন্বয় বৃদ্ধি,এবং জনগনের সন্তুষ্টি অর্জনে সহায়ক হবে। তাছাড়া উক্ত পরিকল্পনা বাস্তবায়নের ফলে এসডিজি'র লক্ষ্যমাত্রা, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ, ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন এবং ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশ বির্নিমাণে ও জাতীয় উন্নয়নে সহায়ক হবে বলে আমি মনে করি।

পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং সুষ্ঠু, সুন্দর,কার্যকর ও সর্বোত্তম বাস্তবায়নে সকল অংশীজনের সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশা করছি।

মোঃ সাদ্দাম হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর

# দ্বিতীয় অধ্যায়



**২.১:পার্বতীপুর উপজেলার আর্থ-সামজিক তথ্য-উপাত্তঃ**

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য স্থানীয় পর্যায়ের বিভিন্ন উৎস থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে হালনাগাদকৃত জনসংখ্যা বিষয়ক এবং আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত খুবই গুরুত্বপুর্ন বিষয় । বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে উপজেলা পরিষদ,ইউনিয়ন পরিষদ,সরকারী বিভিন্ন দপ্তর,বেসরকারি উন্নয়ন সংস্থা থেকে আর্থ-সামাজিক বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। সংগ্রহিত তর্থ-উপাত্ত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পরবর্তী করনীয় বা উন্নয়ন প্রকল্প গ্রহনে ভিত্তি হিসাবে কাজ করবে। উক্ত তথ্য উপাত্তের সুত্র হবে আদমশুমারী ২০১১,উপজেলা পরিসংখ্যান ২০১১,কৃষি শুমারী ২০১৯, জাতীয় খানা শুমারী ২০১৮,হেল্থ বুলেটিন এবং উপজেলার বিভিন্ন উন্নয়ন সংস্থা থেকে প্রাপ্ত তথ্য। সংগৃহিত আর্থ-সামাজিক তথ্য-উপাত্তকে উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সন্নিবেশিত ও বিন্যস্থ করা হয়েছে। উপজেলার তথ্যের খাত ভিত্তি তথ্য-উপাত্ত বিভিন্ন 'ছক' বা সারণীতে বিন্যস্ত করা হয়েছে। পার্বতীপুর উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত নিম্নে প্রদান করা হলো।ঃ

**"ছক ১: পার্বতীপুর উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্তঃ**

**<u>উপজেলা সম্পর্কিত তথ্য</u>**

**<u>এক নজরে উপজেলা</u>**

**১। আয়তন**

**ক) ৯৭৬১৭.৪০ একর**

**খ) ১৫২.৫২ বর্গ মাইল**

**গ)৩৯৫.০৪ বর্গ কিলোমিটার**

**২। পৌরসভা ০১টি।**

**৩। ইউনিয়ন ১০টি।**

**৪। পৌরসভা ওয়ার্ড ০৯টি।**

**৫। মৌজা ১৫৭টি।**

**৬। মহল্লা ৩৬টি।**

**৭। গ্রাম ২২৬টি।**

**৮। <u>ভোটার সংখ্যা - ২০১৩ (ইউনিয়ন ভিত্তিক)</u> :**

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভার নাম | ভোটার সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট |
| ০১. | বেলাইচন্ডি | ১২,৫৬১ | ১২,৫৬০ | ২৫,১২১ |
| ০২. | মনমথপুর | ১০,৯৪১ | ১১,২৫৩ | ২২,১৯৪ |
| ০৩. | রামপুর | ১১,৮০১ | ১১,৯০০ | ২৩,৭০১ |
| ০৪. | পঙ্গৈলাশবাড় | ১৪,৬১৫ | ১২,৮৪৩ | ২৭,৪৫৮ |
| ০৫. | চন্ডিপুর | ৯,৮৩৩ | ৯,৮৬৯ | ১৯,৭০২ |
| ০৬. | মোমিনপুর | ৯,৩০৮ | ৯,৫৭৫ | ১৮,৮৮৩ |
| ০৭. | মোসত্মফাপুর | ৯,৫৫৯ | ৯,৪৭১ | ১৯,০৩০ |
| ০৮. | হাবড়া | ৯,৯০৬ | ১০,০৭১ | ১৯,৯৭৭ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | **হামিদপুর** | ১০,১৫৮ | ১০,৩১৬ | ২০,৪৭৪ |
| ১০. | **হরিরামপুর** | ১১,০৬২ | ১১,১০১ | ২২,১৬৩ |
| ১১. | **পার্বতীপুর পৌরসভা** | ৯,০৬০ | ৯,২১২ | ১৮,২৭২ |
| | মোট= | **১৫৯৬৩৯** | **১৫৯৪২১+২** | **৩১৯০৬২** |

৯। **লোক সংখ্যা - ২০১১(ইউনিয়ন ভিত্তিক)ঃ**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | লোক সংখ্যা | | | শিক্ষার হার |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ০১ | বেলাইচন্ডি | ২০৬১৪ | ২০৩৮৯ | ৪১০০৩ | ৪৬.১ |
| ০২ | মনমথপুর | ১৬২৭৯ | ১৬৪১৮ | ৩২৬৯৭ | ৫৩.৩ |
| ০৩ | রামপুর | ১৮৩৬৫ | ১৮৬০৯ | ৩৬৯৭৪ | ৬৯.০ |
| ০৪ | পলাশবাড়ী | ২২৩৯৯ | ২০৭১১ | ৪৩১১০ | ৫৮.৪ |
| ০৫ | চন্ডিপুর | ১৪৯৫৬ | ১৪৬৬৭ | ২৯৬২৩ | ৪৯.১ |
| ০৬ | মোমিনপুর | ১৪২৭৬ | ১৪৪৯২ | ২৮৭৬৮ | ৬২.২ |
| ০৭ | মোসত্মফাপুর | ১৪১৬১ | ১৩৭৯৯ | ২৭৯৬০ | ৬৪.২ |
| ০৮ | হাবড়া | ১৫৩০৮ | ১৫৩৫৭ | ৩০৬৬৫ | ৫৮.৩ |
| ০৯ | হামিদপুর | ১৫৫২২ | ১৫৩৭৫ | ৩০৮৯৭ | ৪৫.৬ |
| ১০ | ঘরিরামপুর | ১৭২৬৩ | ১৭০০০ | ৩৪২৬৩ | ৩৫.০ |
| | মোট= | ১৬৯১৪৩ | ১৬৬৮১৭ | ৩৩৫৯৬০ | ৫২.৭ |
| | পার্বতীপুর পৌরসভা | ১৪৬২৯ | ১৪৫১৪ | ২৯১৪৩ | ৬৪.৫ |
| | সবর্ব মোট = | ১৮৩৭৭২ | ১৮১৩৩১ | ৪০০৬৪৮ | ৫৩.৯ |

**চলমান পাতা- ২**

**পাতা- ২**

**১০। ধর্ম ভিত্তিক লোক সংখ্যা ২০১১(ইউনিয়ন ভিত্তিক)ঃ**

| **ক্রমিক নং** | **ইউনিয়নের নাম** | **মুসলিম** | **হিন্দু** | **বৌদ্ধ** | **খ্রিষ্টান** | **অন্যান্য** | **মোট** |
|---|---|---|---|---|---|---|---|
| **০১** | **বেলাইচন্ডি** | **৩৪৮১৬** | **৬১৭৯** | **০** | **৮** | **০** | ৪১০০৩ |
| **০২** | **মনমথপুর** | **২৩৩১৪** | **৮৬৭৫** | **৪** | **৪৬০** | **২৪৪** | ৩২৬৯৭ |
| **০৩** | **রামপুর** | **৩২৩২৯** | **৪৬৩২** | **০** | **৬** | **৭** | ৩৬৯৭৪ |
| **০৪** | **পলাশবাড়ী** | **৩৯৬৮৯** | **৩৪১১** | **৬** | **৪** | **০** | ৪৩১১০ |
| **০৫** | **চন্ডিপুর** | **২৪৯৮২** | **৩৭২০** | **৮** | **৫৩২** | **৩৮১** | ২৯৬২৩ |
| **০৬** | **মোমিনপুর** | **২৪৬৩১** | **৩৪৬৭** | **০** | **১২৪** | **৫৪৬** | ২৮৭৬৮ |
| **০৭** | **মোসত্মফাপুর** | **২২৮৩২** | **৩৭৬৪** | **০** | **১০০৩** | **৩৬১** | ২৭৯৬০ |
| **০৮** | **হাবড়া** | **২৫৮৮৮** | **৪৩৫১** | **০** | **২৩২** | **১৯৪** | ৩০৬৬৫ |
| **০৯** | **হামিদপুর** | **২৮৯৫০** | **১৮৪৩** | **০** | **৪১** | **৬৩** | ৩০৮৯৭ |
| **১০** | **হরিরামপুর** | **২৯৫৯১** | **৩৬৩৯** | **৮৯** | **৩০৫** | **৬৩৯** | ৩৪২৬৩ |
| | **মোট=** | **২৮৭০২২** | **৪৩৬৮১** | **১০৭** | **২৭১৫** | **২৪৩৫** | ৩৩৫৯৬০ |
| | **পার্বতীপুর পৌরসভা** | **২৬৫১২** | **২৩৯৬** | **৩** | **৩৮** | **১৯৪** | ২৯১৪৩ |
| | **সর্বমোট =** | **৩১৩৫৩৪** | **৪৬০৭৭** | **১১০** | **২৭৫৩** | **২৬২৯** | ৩৬৫১০৩ |

১১। **বয়স ভিত্তিক লোক সংখ্যা ২০০১ঃ**

| বয়স গ্রন্নপ | পুরন্নষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| ০ - ৪ বৎসর | ২১৬৮৭ | ২০০৯৮ | ৪১৭৮৫ |
| ৫ - ৯ বৎসর | ২৩০০০ | ২০৮৯১ | ৪৩৮৯১ |
| ১০ - ১৪ বৎসর | ২০৪৭৪ | ১৮১৩৩ | ৩৮৬০৭ |
| ১৫ - ১৭ বৎসর | ১০১৩২ | ৭৫৯২ | ১৭৭২৪ |
| ১৮ - ৩৪ বৎসর | ৪২৬৪৯ | ৫১০২৬ | ৯৩৬৭৫ |
| ৩৫ - ৫৯ বৎসর | ৩৯৯৭৫ | ৩১৯৮৪ | ৭১৯৫৯ |
| ৬০ - + বৎসর | ১০১৫৩ | ৭২৭৬ | ১৭৪২৯ |
| | ১৫৯৬৩৯ | ১৫৯৪২১+২ | ৪০০৬৪৮ |

১২। <u>১০ বৎসর এবং তদুর্ধ্ব বয়সের বৈবহিক অবস্থা ২০০১ঃ</u>

| লিঙ্গ | মোট | কখনও বিবাহ হয় নাই | বিবাহিত | বিধবা | তালাক প্রাপ্ত |
|---|---|---|---|---|---|
| পুরন্নষ | ১২৩৩৮৩ | ৪৮২৫৬ | ৭৪৩১৬ | ৭২২ | ৮৯ |
| মহিলা | ১১৬০১১ | ২৯৬৫০ | ৭৫৭৯০ | ৭৬৩ | ৯৮০৮ |
| মোট | ২৩৯৩৯৪ | ৭৭৯০৬ | ১৫০১০৬ | ১৪৮৫ | ৯৮৯৭ |

১৩। <u>পেশা ভিত্তিক লোক সংখ্যা২০০১ (ইউনিয়ন ভিত্তিক)। (১০ বৎসর এবং তদুর্দ্ধ বয়সের)ঃ</u>

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পেশার নাম | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কাজ করেনা | কাজ খুজিতেছে | গৃহস্থীকাজে নিযোজিত | কৃষি | শিল্প প্রতিষ্ঠান | পানি,বিদ্যুৎ,গ্রাস | নির্মান | যোগাযোগ/পরিবহন | হোটেল ও রেষ্টুরেন্ট | ব্যবসা | চাকুরী |
| ০১ | বেলাইচন্ডি | ৫৩৩৪ | ৪৮২ | ৯৭০৮ | ৭১০৬ | ১০৬ | ০৪ | ১৩০ | ৩১৫ | ০৯ | ১০০৩ | ১৪৮ |
| ০২ | মনমথপুর | ৩০৯৬ | ৩৮৮ | ৭৬৫৩ | ৫৫২৮ | ৩০ | ০৩ | ৮৯ | ১৯১ | ১১ | ৬৪৫ | ১৭৫ |
| ০৩ | রামপুর | ৭১৮৬ | ৫২৩ | ৮৪১৬ | ৪১৭১ | ৩৫ | ০৩ | ১১৭ | ৪৬০ | ৪৪ | ১৬৫৬ | ৭৮ |
| ০৪ | পরামবাড়ী | ৬৮৫৩ | ৫৩৫ | ৮৫৮৬ | ৫৯৫৭ | ৩০ | ০০ | ৯৯ | ২০৫ | ১৯ | ৯০২ | ২৩৫ |
| ০৫ | চন্ডিপুর | ২৪০৪ | ৩১৪ | ৭৭৬৪ | ৫৪২৬ | ৭১ | ০৪ | ৫১ | ২০৮ | ০৬ | ৬৪৮ | ৭৯ |
| ০৬ | মোমিনপুর | ৫৪৯৯ | ২৪৮ | ৬৫৯৬ | ৪৬১৮ | ৮৮ | ০৭ | ১০০ | ২০৫ | ৪৫ | ৯৮৬ | ৩১ |
| ০৭ | মোসত্মফাপুর | ৫৫৫০ | ২৭৮ | ৬৫১১ | ৫৮২৪ | ৯৮ | ০১ | ৫৩ | ২১৬ | ৪৮ | ৬৫৫ | ২৪ |
| ০৮ | হাবড়া | ৪৫৬০ | ২৬৩ | ৭৪০৯ | ৫৬০৮ | ৯০ | ০১ | ৫৪ | ১৭৬ | ১৩ | ১০০০ | ১০৭ |
| ০৯ | হামিদপুর | ৬০৩৪ | ৫৬০ | ৬৫২৯ | ৫৩৪৯ | ১৪ | ২৭ | ৫৪ | ১৮৩ | ১৩ | ৪৪২ | ২৯ |
| ১০ | হরিরামপুর | ৩৮৭৪ | ২২৩ | ৮৩১৩ | ৭০২০ | ৭৭ | ০৩ | ৬৬ | ৬০ | ০৮ | ৬৩৪ | ৩৩ |
| | মো্ট = | ৪৯৯৯০ | ৩৮১৪ | ৭৭৪৮৫ | ৫৬৬০৭ | ৬৩৬ | ৫৩ | ৮১৩ | ২২১৯ | ২১৬ | ৮৫৭১ | ৯৩৯ |
| | পৌরসভা | ৭৪৯৭ | ৪০৯ | ৫৮১৯ | ১২২২ | ৪৭ | ১১ | ১৬৫ | ২৬৩ | ৯৭ | ২৫১৮ | ১৪৯ |
| | সর্বমোট | ৫৭৮৮৭ | ৪২২৩ | ৮৩৩০৪ | ৫৭৮২৯ | ৬৮৩ | ৬৪ | ৯৭৮ | ২৪৮২ | ৩১৩ | ১১০৮৯ | ১০৮৮ |

চলমান পাতা- ৩



১৪। প্রতি বর্গ কিলোমিটাওে লোক সংখ্যা - ১০১৪ জন।

১৫। প্রতি বর্গ মাইলে লোক সংখ্যা - ২১৩০ জন।

১৬। জনসংখ্যা বৃদ্ধির হার - ১.১৫%

১৭। <u>ধর্মীয় প্রতিষ্ঠানঃ</u>

ক) মসজিদ - ৪৫০টি

খ) ঈদগাহ - ৪১ টি

গ) কবর স্থান - ৮৬ টি

ঘ) মন্দিও - ৪২ টি

ঙ) গির্জা - ১৬ টি

চ) আশ্রম - ০৫ টি

ছ) শ্মশান - ৩০ টি

জ) লিলম্নাহ বোডিং/এতিম খানা - ২২ টি

ঝ) মক্তব - ১৫৮ টি

১৮। <u>ব্যাংক শাখাঃ</u> ক) সোনালী ব্যাংক- ০৬ টি

খ) জনতা ব্যাংক - ০২ টি

গ) অগ্রনী ব্যাংক - ০২ টি

ঘ) কৃষি ব্যাংক - ০৩ টি

ঙ) পুবালী ব্যাংক - ০১ টি

চ) আনসার ভি,ডি,পি ব্যাংক - ০১ টি

ছ) ডাস বাংলা ব্যাংক লিঃ - ০১ টি

জ) গ্রামীন ব্যাংক - ০৫ টি

১৯। বীমা কম্পানীঃ ক) সরকারী - নাই

খ) বেসরকারী - ০৪ টি

২০। পুলিশ ষ্টেশনঃ ক) বেঙ্গল থানা- ০১ টি

খ) রেলওয়ে থানা - ০১ টি

গ) পুলিশ ক্যাম্প - ০২ টি

২১। সাবরেজিষ্ট্রি অফিস - ০১ টি

২২। কাজি অফিস - ১২ টি

২৩। এন.জি.ও - ২২ উঁ

২৪। মহরী

ক) আইন বীদ মহরী- ০৬ টি

খ) দলিল লেখক - ৮৯ টি

২৫। উকিল - ০৬ টি

২৬। ডাকবাংলা - ০১ টি

২৭। রেষ্ট হাউজ - ০৯ টি

২৮। দমকল - ০১ টি

২৯। ডরমেটরী - ০৭ টি

৩০। হাট-বাজার - ২৩ টি

৩১। গো-ডাউনঃ

ক) সরকারী - ১০ টি

খ) ধারন ক্ষমতা - ৯০০০ মেঃটঃ

গ) বেসরকারী - ৪৪ টি

ঘ) সারগোডাউন - ০৩ টি

৩২। হিমাগাড় - নাই

৩৩। আনসার - ১২২০ জন

৩৪। ভি.ডি.পি - ১১৯৫৯ জন

চলমান পাতা- ৪

পাতা- ৪

৩৫। বালু মহল - নাই

৩৬। ইট ভাটা - ২৭ টি

৩৭। হেলিপ্যাড - ০১ টি

৩৮। সিনেমা হল - ০২ টি

৩৯। আবাসিক হোটেল - ০৪ টি

৪০। হোটেল এন্ড রেষ্টুরেন্ট - ১৮৭ টি

৪১। বে ও পি - নাই

৪২। পাবলিক লাইব্রেরী - ০১ টি

৪৩। বিউটি পার্লার - ০৫ টি

৪৪। পার্ক - ০১ টি

৪৫। ষ্টেডিয়াম - ০১ টি

৪৬। কমিউনিটি সেন্টার - ০১ টি

৪৭। আশ্রায়ন প্রকল্প - ০৭ টি

৪৮। আদর্শ গ্রাম - ০৮ টি

৪৯। বয়স্ক ভাতা কার্ডধারীর সংখ্যা - ৬৪২৮ জন

৫০। বিধবা ভাতা কার্ডধারীর সংখ্যা -

৫১। মুক্তি যোদ্ধার সংখ্যা - ৭৬৭৮ জন

৫২। মুক্তি যোদ্ধা ভাতা কার্ডধারীর সংখ্যা - ৫০২ জন

৫৩। প্রতিবন্ধি কার্ডধারীর সংখ্যা - ৭৫৭ জন

৫৪। সেচ্ছা-সেবী প্রতিষ্ঠান - ২০২ টি

৫৫। গ্রোথ সেন্টার - ০৫ টি

৫৬। খনিজ সম্পদ ঃ

ক) কয়লা খনি- ০১ টি

খ) কঠিন শীলা খনি - ০১ টি

৫৭। ডেকোরেটরের সংখ্যা - ৫১ টি

৫৮। সেনা নিবাস - ০১ টি

৫৯। শিক্ষা: ক) প্রাথমিক বিদ্যালয়:

* সরকারী - 206 টি

* রেজিষ্টার্ট - ৮৪ টি

* আন-রেজিষ্টার্ঠ - ০২ টি

খ) নিমণ-মাধ্যমিক বিদ্যালয়- ০৯ টি

গ) মাধ্যমিক বিদ্যারয় - ৫৭ টি

* বালক বিদ্যালয় - ৫৯ টি

* বালিকা বিদ্যালয়- ০৭ টি

ঘ) স্কুল এন্ড কলেজ - ০৭ টি

ঙ) মহাবিদ্যালয় - ১০ টি

* সরকারী - নাই

* বেসরকারী - ১০ টি

* মহিলা - ০১ টি

চ) মাদ্রাসা

* এবতেদায়ী - ৩২ টি

* দাখিল - ২৭ টি

* আলিম - ০৬ টি

* ফাজিল - ০৫ টি

* কামিল - ০১ টি

* কামিল মাষ্টার্স- ০১ টি

* হাফেজিয়া - ০৪ টি

চলমান পাতা- ৫

পাতা- ৫

ছ) কিন্ডার গার্টেন - ৪৯ টি

* সাধারন - ৪৭ টি

* ইংলিশ - ০২ টি

জ) অন্যান্য শিক্ষা প্রতিষ্টান:

* গনশিক্ষা কেন্দ্র -

* এন,জি,ও -

* ব্র্যাক স্কুল - ১১৫ টি

* আনন্দ স্কুল - ৮০ টি

ঝ) কারিগরী স্কুল এন্ড কলেজ- ০১ টি

ঞ) কম্পিউটার ট্রেনিং সেন্টার- ১২ টি

ট) স্বল্প ব্যয়ে প্রাথমিক বিদ্যালয়-

ঠ) স্যাটেলাইট বিদ্যালয় - ০৫ টি

ড) ফুটবল খেলার মাঠ - ৪১ টি

ঢ) সংগিত বিদ্যালয় -

ণ) টেকনিক্যাল এন্ড এগ্রিকালচার কলেজ-০১ টি

ত) কমিউনিটি বিদ্যালয় - ০৯ টি

থ) কারিগরী ও বানিজ্যিজ কলেজ- ০১ টি

দ) শিক্ষার হার (২০০১): ৪৬.৪৮%

* পুরম্নষ - ৫০.৯০%

* মহিলা - ৪১.৭৫%

ন) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষয়িত্রী,ছাত্র- ছাত্রী ও কর্মচারীর সংখ্যা(২০১১):

| ক্রমিক নং | শিক্ষাপ্রতিষ্ঠানের নাম | শিক্ষকের সংখ্যা | | | ছাত্র-ছাত্রীরসংখ্যা | | | কর্মচারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুরম্নষ | মহিলা | মোট | ছাত্র | ছাত্রী | মোট | পুরম্নষ | মহিলা | মোট |
| ০১ | মহাবিদ্যালয় | ২৩২ | ৫৯ | ২৯১ | ১৩০০ | ১৫০০ | ২৮০০ | ৪৪ | ১১ | ৫৫ |
| ০২ | স্কুল এন্ড কলেজ | ৮৬ | ৩২ | ১১৮ | ৯৮০ | ১০৭৩ | ২০৫৩ | ১৩ | ০৫ | ১৮ |
| ০৩ | মাধ্যমিক বিদ্যালয | ৫৬৬ | ১৫২ | ৭১৮ | ১১০০০ | ১২০৫০ | ২৩০৫০ | ১২৩ | ৩৭ | ১৬০ |
| ০৪ | নিমণমাধ্যমিক বিদ্যালয় | ৬২ | ১৩ | ৭৫ | ৮৮১ | ৯০০ | ১৭৮১ | ১৭ | ০৫ | ২২ |
| ০৫ | সরকারী প্রাথমিক বিদ্যালয় | ৩১৩ | ২৫৬ | ৫৬৯ | ১৩৭০০ | ১৩০০০ | ২৬৭০০ | -- | -- | -- |
| ০৬ | রেজিষ্টাট প্রাথমিক বিদ্যালয় | ১৪৯ | ১৮৭ | ৩৩৬ | ১১০৩৯ | ১০১৩ | ১২০৫২ | -- | -- | -- |
| ০৭ | আন-রেজিষ্টাট প্রাথমিক বিদ্যালয় | ০৬ | ০৬ | ১২ | ২৪৬ | ২১৭ | ৪৬৩ | -- | -- | -- |
| ০৮ | মাদ্রাসা | ৭০৫ | ১১৯ | ৮২৪ | ৬০০ | ৬৭৫৬ | ৭৩৫৬ | ৮৪ | ১১ | ৯৫ |
| ০৯ | কিন্ডার গাটেন | ১১ | ১৮৯ | ২০০ | ১২০০ | ১১০০ | ২৩০০ | -- | -- | -- |
| ১০ | অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ৭৭ | ৪২ | ১১৯ | ১৯৫০ | ১৯৫০ | ৩৯০০ | -- | -- | -- |
| ১১ | ব্র্যাক স্কুল | - | ১৮৭ | ১৮৭ | ৩০০০ | ১৩০০ | ৪৩০০ | -- | -- | -- |
| ১২ | আনন্দ স্কুল | - | ৮০ | ৮০ | ১৭০০ | ১৭০০ | ৩৪০০ | -- | -- | -- |
| | মোট= | ২২০৭ | ১৩২২ | ৩৫২৯ | ৪৭৫৯৬ | ৪২৫৫৯ | ৯০১৫৫ | ২৮১ | ৬৯ | ৩৫০ |

চলমান পাতা- ৬

পাতা- ৬

৬০। কৃষি - (২০১০-১১):

ক) মোট জমির পরিমান - ৯৭৬১৭.৪০ একর

খ) মোট আবাদী জমি - ১৫২৬৮৪ একর

গ) আবাদের জন্য অপ্রাপ্য - ১৯৪০৯ একর

ঘ) নীট ফসলাধীন জমি- ৭৪২৪৩ একর

ঙ) এক ফসলী জমি - ৫০৭৭ একর

চ) দু-ফসলী জমি - ৬০৯০০ একর

ছ) তিন ফসলী জমি - ৮২৬৬ একর

জ) বনের জমি - ১৯২৪.৪৯ একর

ঝ) গভীর নলকুপ - ১০৯ টি

ঞ) অগভীর নলকুপ - ২৭৯৫ টি

ট) সেচকৃত জমি - ৬৫৩২০ একর

ঠ) স্থায়ী ফসলাধীন জমি - ১০০৯ একর

ড) নার্সারীর অধীন জমি- ২৫ একর

৬১। মৎস্য সম্পদঃ

* নদীর সংখ্যা - ০৪ টি, আয়তন -৪৫৮.৬৮ একর

* মোট পুকুরের সংখ্যা - ৩১৩২ টিআয়তন - ২০১০.৭০ একর

* সরকারী পুকুর - ১৮৯ টি আয়তন -১৩৮.২০ একর

* বেসরকারী পুকুর - ২৯৪৩ টি আয়তন -১৮৭২.৫০ একর

* মৎস্য চাষ যোগ্য পুকুর - ৩১৩২ টিআয়তন - ২০১০.৭০ একর

* জলমহলের সংখ্যা - ৩৪৮৭ টি আয়তন -২৯৯০.৬২ একর

* মৎস্য নাসারীর সংখ্যা - ১৫০ টি আয়তন - ১৫০ একর

* মৎস্য খামার সংখ্যা - ১২ টি আয়তন - ৩৭৫.৪৪ একর

* ডোবা বা অন্যান্য জলাশয়- ১৯০ টি আয়তন -৪৫৪.৪৮ একর

* হ্যাচারীর সংখ্যা - ০২ টি আয়তন -১৮.৪৫ একর

৬২। পশু সম্পদঃ

ক) পশু চিকিৎসালয় - ০১ টি

খ) কৃত্রিম প্রজনন কেন্দ্র - ০৫ টি

গ) পশু খামার - ১২০ টি

ঘ) হাঁস-মুরগীর খামার - ২০০ টি

ঙ) পশু সম্পদ (২০১১):

* গরম্ন - ১৬৬৪৪৩ টি

* মহিষ - ১৬০০ টি

*ছাগল - ১১৭১৭১ টি

* ভেড়া - ৪৭৫৩১ টি

* মুরগী - ১৮০৫০০ টি

* কবুতর - ১৫২০০ টি

৬৩। পরিবহন-যোগাযোগঃ

ক) পাকা রাসত্মা - ১১২ কিঃমিঃ

খ) কাঁচা রাসত্মা - ৬৭৫ কিঃমিঃ

গ) বাস টার্মিনাল - ০১ টি

ঘ) রেল ষ্টেশন - ০৫ টি

ঙ) বাস - ১২ টি

চ) মিনিবাস - ৪২ টি

ছ) কার/জীপ - ১০ টি

জ) মাইক্রো্বাস ৪৮ টি

ঝ) ট্রাক - ৩৫ টি

চলমান পাতা-৭

পাতা- ৭

ঞ) ট্রাক লরি - ৩৮ টি

ট) ব্রীজ/ কালভাট - ১০৭২ টি

৬৪। ডাক ও তারঃ

ক) প্রধান ডাকঘর - ০১ টি

খ) সাব ডাকঘর - ০২ টি

গ) শাখা ডাকঘর - ১৫ টি

ঘ) টেলিফোন এক্সেচেন্স - ০১ টি

ঙ) টেলিফোন এন্ড টেলিগ্রাফ-০১ টি

চ) টেলিফোন সেট - ৩২৯ টি

ছ) ফ্যাক্স সার্ভিস - ০২ টি

জ) কুড়িয়ার সার্ভিস - ০৫ টি

ঝ) ডিস/ক্যাবল কালেকশন অপারেটর-০২ টি

ঞ) ইন্টার নেট সার্ভিস - ১০ টি

ট) আই,এস,ডি - ১২ টি

৬৫। বিদ্যুৎ :

ক) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র - ০১ টি

খ) বিদ্যুতায়িত গ্রাম (পি,ডি,বি)- ২৫ টি

গ) বিদ্যুতায়িত গ্রাম (আর,ই,বি)- ১৮৩ টি

ঘ) বিদ্যুতায়ন খানা - ২১১৭১ টি

ঙ) বিদ্যুতায়ন খানা (পি,ডি,বি)- ৫৮৭৪ টি

চ) বিদ্যুতায়িত খানা (আর,ই,বি)- ১৪৮৭৫ টি

ছ) বিদ্যুৎ লাইন - ৯৭৯ কিঃমিঃ

জ) বিদ্যুৎ লাইন (পি,ডি,বি)-৪২কিঃমিঃ

ঝ) বিদ্যুৎ লাইন ( আর,ই,বি)- ৭৫১.৬৫২ কিঃমিঃ

ঞ) বিদ্যুৎ সাব ষ্টেশন- ০১ টি

ট) পলস্নী বিদ্যুৎ সমিতি - ০১ টি

ঠ) বিদ্যুতায়িত শিল্প কারখানা(পি.ডি,বি)ঃ

* এল,টি - ৬৮ টি

* এইচ,টি - ০৮ টি

* অফিস আদালত- ৬০ টি

* গভীর নলকুপ - ২৩ টি

* বানিজ্য প্রতিষ্ঠান- ১২৬৯ টি

ড) বিদ্যুতায়িত শিল্প কারখানা(আর,ই,বি)ঃ

* এল,টি - ৩২১ টি

* এইচ,টি - ০৫ টি

* অফিস আদালত- ৪২ টি

* গভীর নলকুপ - ২৬০ টি

* বানিজ্য প্রতিষ্ঠান- ২৯৮৯ টি

৬৬। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাঃ

ক) হাসপাতাল (সরকারী) - ০১ টি

খ) হাসপাতাল ( বেসরকারী)-০২ টি

গ) ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র - ০৪ টি

ঘ) এ্যাম্বুলেন্স - ০১ টি

ঙ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র - ১০ টি

চ) সক্ষম দম্পতির সংখ্যা - ৮১২৮২ জন

ছ) পরিবার পরিকল্পনা গ্রহন কারির শতকরা হার-৮১.৫০%

জ) ক্লিনিক সংখ্যা - ০২ টি

চলমান পাতা-৮

পাতা- ৮

ঝ) ফার্মাসিষ্ট - ৩৬ টি

ঞ) প্যাথলজি (সরকারী) - ০১ টি

ট) প্যাথলজি বেসরকারী) - ০৭ টি

ঠ) এক্স্র (সরকারী) - ০১ টি

ড) এক্স্র বেসরকারী) - ০২ টি

ঢ) হোমিও প্যাথ চিকিৎসালয় - ৪৭ টি

৬৭। সমবায় সমিতি:

* কেন্দ্রীয় সমিতি - ০২ টি

* বিভাগীয় সমিতি - ০২ টি

* কৃষি সমবায় সমিতি - ৩২ টি

* যুব সমবায় সমিতি- ৪৩ টি

* মৎস্য চাষ সমবায় সমিতি-০২ টি

* বনিক সমিতি - ০১ টি

* বাজার সমিতি - ০১ টি

* ট্রাকলরী চালক শ্রমিক সমিতি - ০১ টি

* শিক্ষা সমিতি - ০১ টি
* আবাসন সমিতি - ০৬ টি
* আশ্রায়ন সমিতি - ০৫ টি
* দুগ্ধ সমিতি - ০৬ টি
* পানি ব্যবস্থাপনা সমিতি- ০৫ টি
* বহুমুখী সমিতি - ৩৬ টি
* ইউ.সি.এম.পি.এস সমিতি-১৩ টি
* সঞ্চয় ও ঋনদান সমিতি- ০২ টি
* ক্ষুদ্র ব্যবসায়ী সমিতি - ০১ টি
* নার্সারী মালিক সমিতি - ০১ টি
* গভীর নলকুপ কৃষি সমিতি-০৮ টি

৬৮। কৃষক সমবায় সমিতি (বি.আর.ডি.বি)ঃ

* প্রথমিক সমিতি - ১৫৩ টি
* কার্যকর সমিতি - ১৫৩ টি
* অকার্যকর সমিতি - ২৩ টি
* পি.ডি.বি.এফ পুষ্ট সমবায় সমিতি-৯২ টি

৬৯। ক্লাব/সংঘঃ

* রেজিষ্টাট ক্লাব - ২০০ টি
* আনসার ভিডিপি ক্লাব - ১৭ টি
* যুব ক্লাব - ৩৫ টি
* প্রেস ক্রাব - ০১ টি

৭০। মিল / ফ্রাকটরীঃ

* অটোরাইস মিল - ০২ টি
* রাইচ মিল - ১১২ টি
* ফম্লাওয়ার মিল - ০১ টি
* বেকারী - ৩৩ টি
* ফার্নিচার মাট - ১১৯ টি

* ছাপা কানা - ০৪ টি

* বরফ ফ্যাকটরী/মির - ০৮ টি

* স-মিল - ১৪ টি

*হাসইকং মিল - ৬৩ টি

* তৈল মিল - ১৩ টি

**চলমান পাতা-৯**

**পাতা- ৯**

**ভৌগোলিক পরিচিতি:**

**ক) অবস্থান,সীমানা :- জেলা সদর থেকে ঠিক পূর্ব দিকে ২৫.১৯ হতে ২৫.৪৭ ডিগ্রী অক্ষাংশ, ৮৮.৪৯ হতে ৮৯.০৫ডিগ্রী দ্রাঘিমাংশে পার্বতীপুর উপজেলা অবসিত্মত। পার্বতীপুর উপজেলার উত্তরেনিরফামারীজেরার সৈযদপুর উপজেলা, দক্ষক্ষণে ফুলবাড়ী ও নবাবগঞ্জ উপজেলা, পূর্বে রংপুরজেরার বদরগঞ্জ উপজেলা ও পশ্চিমে চিরিরবন্দও উপজেলা। জেলা সদর থেকে রেল পথেরদুরত্ব ৩০ কিলোমিটার ও সড়ক পথে ৩২ কিলেমিটার এবং সড়ক পথে সৈয়দপুর হয়ে পার্বতীপুরের দুরত্ব ৫২ কিলোমিটার।**

**উপজেলার পটভহমি/নামকরন:-**

**বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের সাথে রেল পথে উত্তরাঞ্চলের যোগাযোগের কেন্দ্রবিন্দু , অন্যতম বৃহত্তর রেলওয়ে জংশন ও কারখানার গৌরব এবং খনিজ সম্পদে উজ্জ্বল সম্ভাবনাময় উপজেলটির নাপার্বতীপর।জনশ্রম্নবিহুউপজেলা পার্বতীপুর নামকরণের তথ্যভিত্তিক ইতিহাস পাওয়া যায় না।তবে কেউ কেউ বলেন সুপ্রাচীনকালে হিন্দু অধ্যুষিত এই স্থানে ধুমধামের সাধে হিন্দু সম্প্রদায়ের বিভিন্ন পুজা পার্বন অনষ্ঠিত হতো ।এই ধর্মেরই এক দেবতা‘পার্বতী’ ও নাম অনুসারে এ স্থানের নাম পার্বতীপুর হয়। আবার এ ধরনের প্রবাদও চালু আছে যে, খোলাহাটির সন্নিকটে রাজা কিচকের অপূর্ব সুন্দরী মেযে ছিল যার নাম পায়রাবতী । পায়রাবতী বাল্য বিধাব ছিল । গড়ের অনতি দুরে ডিমালী নামক দীঘিতে দুর্বৃত্ত কর্তৃক অপহুত হবার পর তার শস্নীলতাহানী হয় । অতপর পায়রাবতী মনের দুখে ডিমালী দীঘির জলে আত্নহত্যা করে । এই আত্নহত্যাকে কেন্দ্র করেপরবর্তীতে এ স্থানের নাম নাকি পার্বতীপুর হয় । তবে এসব কিংবদমন্তী, প্রবাদ বা জনশ্রম্নতি সমর্থিত নামকরনের পাশ্চাত্যে কোন ঐতিহাসিক সত্যতা নেই ।**

**ইউনিয়ন সমুহ:-**

**১। বেরইচন্ডি ২। মনমথপুর ৩। রামপুর ৪। পরামবাড়ী ৫। চন্ডিপুর ৬। মোমিনপুর**

**৭। মোসত্মাফাপুর ৮। হাবড়া৯। হামিদপুর ১০। হরিরামপুর।**

**উপজেলার ঐতিহ্য :-**

**এ উপজেলার হরিরামপুর ঢিবি, পলাশবাড়ী ইউনিয়নের খোলাহাটির কিচন রাজার গড়, হীরাজিরার ভিটা, মনমথপুর ইউনিয়নের দেওলের গড় বা পঞ্চরত্ন ও হাবড়া ওঐতাহাসিক প্রসিদ্ধ স্থান। তীর্থস্থান বলতে খোলাহাটির করতোয়া নদীতে চৈত্র্ সংক্রামিত্মতে বারনী পুঁজা। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের সাথে রেল পথে উত্তরাঞ্চলের যোগাযোগের কেন্দ্রবিন্দু চর্তুমুখী রেল পথ , অন্যতম বৃহত্তর রেলওয়ে জংশন ও কারখানার গৌরব এবং খনিজ সম্পদে উজ্জ্বল সম্ভাবনাময় উপজেলা।**

দর্শনীয় স্থান:-

**বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের সাথে রেলপথে উত্তরাঞ্চলেরযোগাযোগে কেন্দ্রবিন্দু , চর্তুমুখী রেল পথ, অন্যতম রেলওয়ে জংশন পার্বতীপুর, হরিরামপুর ইউনিয়নে কীঠন শিলা প্রকল্প, হামিদপুর ইউনিয়নে বড়পুকুরিয় কয়লা খনি প্রকল্প ও উত্তর বংগের বৃহত্তম তাপবিদ্যুৎ কেন্দ্র, শহীদ মাহাবুব সেনানিবাস খোলাহাট্টি এছাড়া রাজাবাসরের দিঘী ও ঝাড়ুয়ারডাংগা দিঘী এবং পার্বতীপুরে রেলওয়ে ব্যাকসপ-এখনে ডিজেল ইঞ্জিন এ্যাসেম্বল ও খুরচা যন্ত্রংশ তৈরী হয়।**

**প্রাকৃতিক সম্পদ :-**

**হরিরামপুর ইউনিয়নে কীঠন শিলা প্রকল্প, হামিদপুর ইউনিয়নে বড়পুকুরিয় কয়লা খনি, এবং পলাশবাড়ী, হরিরামপুর, হামিদপুর ও হাবড়া ইউনিয়নে ১৯২৪.৪৯ একর বনজ সম্পদে ভরপুর।**

**নদ-নদী :-** **যমুনা নদী, করতোয়া নদী, তিলাই নদী ও ইছামতি নদী - যার আয়তন ৪৫৮.৬৮ একর।**

**ব্যবসা - বানিজ্য :-**

**প্রধান প্রধান ফসল ধান, গম, পাট, রাই-সরিষা, আলু, ইক্ষু ও ভুট্টা। এছাড়া ফলের মধ্যে আম, কাঁঠাল, লিচু, কলা, পেপে উৎপন্নহয়। রফতানী যোগ্য পন্য বলতে ধান, চাল, পাট ও আলু।ব্যবসা-বানিজ্য বলতে ধান, চাল, চামড়া ও আলু।**

হোটেল ও আবাসন :-

**যোগাযোগ ব্যবস্থা :-**

**প্রধান যোগাযোগ রেল ও বাস পথের মাধ্যমে। রেল ও বাস পথে দিনাজপুর সদরের সাথে পার্বতীপুর উপজেলার যোগাযোগ। এছাড়া বাস যোগে সৈয়দপুর হয়ে নিলফামারী, রেল পথে বদরগঞ্জ উপজেলা হয়ে রংপুর সাথে পার্বতীপুরের যোগাযোগ। রেল ও বাস পথে ঢাকারসাথে সরাসরি যোগাযোগ পার্বতীপুর উপজেলার। রেল পথের দৈর্ঘ প্রায় ৮৫ কিলোমিটার, পাকা রাসত্মা ১১২ কিলোমিটার, আধাপাকা রাসত্মা ২৬ কিলোমিটার, কাঁচা রাসত্মা ৬৭৫ কিলোমিটার। রেল ষ্টেশনের সংখ্যা ০৫ টি, বেলাইচন্ডি, মনমথপুর,খোলাহাটি,পার্বতীপুর ও ভবানীপুর। এছাড়াও গ্রাম অঞ্চলের সাথে বাই-সাইকেল, মটর-সাইকেল, রিক্সা, রিক্স-ভ্যান, অটো-রিক্সা অন্যতম যোগাযোগ মাধ্যম।**

**হাট-বাজার :-**

**অত্র উপজেলায় প্রধান ০৪ টি বাজার ও ২৩ টি হাট চালু রয়েছে। হাটের মধ্যে যশাইহাট,পার্বতীপুর বুড়ার হাট, হাবড়া হাট, খয়েরপুকুর হাট ও আমবাড়ী হাট উলেস্নখযোগ্য । বাজারের মধ্যে পার্বতীপুর নতুন বাজার, পার্বতীপুর পুরাতন বাজার, আমবাড়ী বাজার ও খোলাহাটি বাজার উলেস্নখযোগ্য।**

২.২:উন্নয়ন সহযোগী সংস্থার (এনজিও) আর্থ-সামজিক তথ্য-উপাত্তঃ

| এনজিও'র নাম | পার্বতীপুর উপজেলায় বাস্তবায়িত কার্যক্রম/প্রকল্প | কার্যক্রম/প্রকল্পের মেয়াদ | উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| গুড নেইবারস বাংলাদেশ | শিশু ইন্নয়ন কার্যক্রম | ৩ বছর | ১২২৬ জন |
| | শিক্ষা উননয়ন কার্যক্রম | ৩ বছর | ১২২৬ জন |
| | স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম | ৩ বছর | ৩৮৭৮ জন |
| | আয়-বৃদ্ধিমুলক কার্যক্রম | ৩ বছর | ১৪১২ জন |
| | কমিউনিটি পার্টনাশীপ ও নেটওয়ার্কিং | ৩ বছর | ১৬২৭জন |
| | এডভোকেসি | ৩ বছর | ৮৮৩জন |
| | রিচার্স এনড ডেভেলপমেন্ট | ৩ বছর | ১৩৬ জন |
| ইএসডিও | প্রেমদীপ প্রকল্প | ৫ বছর | ৪৩৪৬ জন |
| | ক্ষুদ্র ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ১৫৮১ জন |
| | এমইপি | চলমান কর্মসুচি | ৮০ জন |
| | গবাদিপশু সুরক্ষা প্রকল্প | ৫ বছর | ৬৫০ জন |
| উদ্দীপন | জাগরণ ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ৭৮১ জন |
| | অগ্রসর ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ৪৭ জন |
| | ওয়াশ ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ১৫ জন |
| টিএমএসএস | জাগরণ ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ১৮৮২ জন |
| | অগ্রসর ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ১৫৭ জন |
| | সুফলন ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ১২জন |
| | স্যানিটেশন ক্রেডিট | ৫ বছর | ৮০ জন |
| | প্রনোদনা এমই) | ২ বছর | ২ জন |
| | প্রনোদনা (এসএমই) | ২ বছর | ২ জন |
| | ওয়াটার ক্রেডিট | ৫ বছর | ২৭ জন |
| ব্যুরো বাংলাদেশ | ওয়াটার ক্রেডিট | চলমান কর্মসুচি | ৬৬ জন |
| | কোভিড-১৯ | চলমান কর্মসুচি | ৭ জন |
| | ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ১৬ জন |
| আশা | ঋন কর্মসুচি | চলমান কর্মসুচি | ২৩৪৯ জন |
| | স্যানিটেশন কার্যক্রম | চলমান কর্মসুচি | ৩৫ জন |
| | স্বাস্থ্য কার্যক্রম | চলমান কর্মসুচি | ৩৫ জন |
| | শিক্ষা কার্যক্রম | চলমান কর্মসুচি | ৩২ জন |
| | বৃক্ষরোপন | চলমান কর্মসুচি | ২২৬ জন |
| সিডিএ | সোলার প্রকল্প | ৫ বছর | ৪৫২৫ জন |
| | সুইপি প্রকল্প | ১বছর | ২৫ জন |
| পল্লী শ্রী | Promoting Opportunities for Women Empowerment | ১২ বছর | ১৭৪০ জন |
| কারিতাশ | সমন্বিত দারিদ্র বিমোচন প্রকল্প | ৬ বছর | ৫৪৮ জন |
| হোপ বাংলাদেশ | স্যানিটেশন | ৫ বছর | ১২জন |
| | শিক্ষা | ৫ বছর | ১৭৫ জন |
| | আউটার স্কুল কোচিং | ৫ বছর | ৯৪ জন |
| | শিক্ষক উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম | ৫ বছর | ৫ জন |
| | যুবউন্নয়ন কার্যক্রম | ৫ বছর | ৭০ জন |
| | সমাজ কল্যান প্রকল্প | ৫ বছর | ৫০ জন |
| ব্র্যাক | এনএনপিপি সাপোর্ট প্রজেক্ট | ৫ বছর | ২৮২৫৪ জন |
| | কোভিড-১৯ | ২ বছর | ৪৯১৪৩ জন |
| | সামাজিক ক্ষমতায়ন ও আইনগত সুরক্ষা | ৫ বছর | ২৭১০ জন |
| | ক্ষুদ্র কৃষকদের দক্ষতা উন্নয়ন প্রকল্প | ১ বছর | ৪৫০ জন |
| | আ্উট অব স্কুল চিলড্রেন কর্মসুচি | ২ বছর | ২১৬৪ জন |
| উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প | শিক্ষা, স্বাস্থ্য ,সামাজিক ও প্রশাসনিক কার্যক্রম | ৫ বছর | ২১৮ জন |

# তৃতীয় অধ্যায়:



**৩.১:পার্বতীপুর উপজেলার পরিস্থিতি বিশ্লেষন (Situation Analysis)**

পরিস্থিতি বিশ্লেষন হচ্ছে উপজেলার বর্তমান বাস্তব অবস্থার চিত্রায়ন। সম্পদের চিত্রায়ন, উন্নয়ন সম্ভাবনা,সুযোগ,সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ,উন্নয়ন অগ্রাধিকার চিহ্নিত করার জন্য পরিস্থিতি বিশ্লেষন অত্যন্ত গুরুত্বপূর্ন। পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য উপজেলার পরিস্থিতি বিশ্লেষন (Situation Analysis) করা হয়েছে। পরিস্থিতি বিশ্লেষনের মাধ্যমে উপজেলায় বসবাসরত জনগোষ্ঠীর জীবন ও জীবিকাকে প্রভাবিত করে এমন আভ্যন্তরিন ও বাহ্যিক কারনসমুহ জানা-বুঝার সুযোগ সৃষ্ঠি হয়। এমনভাবে পরিস্থিতি বিশ্লেষন করতে হবে যাতে সম্পদের চিত্রায়ন, তথ্য সংগ্রহ,তথ্য বিশ্লেষন ও তথ্য সন্নিবেশ করার ক্ষেত্রে সম্ভাব্য সকল সম্পদের ব্যবহার করে কৌশলগত উদ্দেশ্য অর্জনে সিদ্ধান্ত গ্রহনে সহায়তা করে।

পরিস্থিতি বিশ্লেষনের ক্ষেত্রে তথ্য উপাত্ত বিশ্লেষন ও পর্যালোচনা করার সময় উপজেলার উন্নয়ন,সম্ভাবনা,সমস্যা ও সীমাবদ্ধতা এবং প্রধান উন্নয়ন অগ্রাধিকার খাত চিহ্নিতকরন জরুরী। পরিস্থিতি বিশ্লেষনের মাধ্যমে প্রয়োজনীয় খাত ভিত্তিক তথ্য সংগ্রহ এবং সমস্যার আভ্যন্তরীর ও বাহ্যিক কারন চিহ্নিত করা হয়েছে। ফলে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার রূপকল্প,খাতওয়ারী লক্ষ্য,উদ্দেশ্য ও পরিমাপযোগ্য সুচক নির্ধারনে সিদ্ধান্ত গ্রহন সহজতর হয়েছে। উপজেলার পরিস্থিতি বিশ্লেষনে প্রতিটি খাতের জনকেন্দ্রিক সমস্যা চিহ্নিত করে তার অবস্থান,পরিমান, সমস্যার কারন এবং সমস্যা সমাধানে বিভিন্ন দপ্তরের চলমান এবং আগামী ১ বছরের সম্ভাব্য কার্যাবলীকে অর্ন্তভুক্ত করা হয়েছে। পরিস্থিতি বিশ্লেষনের মাধ্যমে পার্বতীপুর উপজেলার আর্থ-সামাজিক ও সক্ষমতার সূচকে তাদের অবস্থান, সমস্যা,সম্ভাবনা ও চ্যালেঞ্জ এবং অগ্রাধিকার খাতগুলো চিহ্নিত করেছে।

মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো,আসবাবপত্র ও শিক্ষা উপকরনের স্বল্পতা রয়েছে। এ খাতে বিদ্যমান সমস্যার কারনে শিক্ষার মান কাঙ্খিত পর্যায়ে উন্নীত হচ্ছেনা। অত্র উপজেলার স্বাস্থ্য সেবার ক্ষেত্রে নানাবিধ সমস্যা বিদ্যমান। জনসংখ্যার অনুপাতে সরকারী স্বাস্থ্য সেবা খুবই অপ্রতুল। ফলে স্থানীয় পর্যায়ের সাধারন জনগন কাঙ্খিত স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিৎ হচ্ছে। তাছাড়া সরকারী ব্যবস্থপনায় স্বাস্থ্য শিক্ষা, সচেনতনতা,স্বাস্থ্য অবকাঠামো নির্মাণ,স্বাস্থ্য উপকরণ/যন্ত্রপাতি সরবরাহ ব্যবস্থায় যথেষ্ঠ ঘাটতি রয়েছে। অপরদিকে জনস্বাস্থ্য,হাইজিন বিষয়ে সচেতনতা এবং ওয়াশব্লক,পানি ও স্যানিটেশন অবকাঠামো/স্থাপনার অভাব বিদ্যমান। পরিবার,সামাজিক প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে হাইজিন ও স্যানিটেশন ব্যবস্থা খুবই অপ্রতুল। বিদ্যমান এসব সমস্যার কারনে পার্বতীপুর উপজেলার স্থানীয় জনগোষ্ঠী পানি এবং বায়ুবাহিত নানাবিধ রোগে অক্রান্ত হচ্ছে। তাছাড়া গ্রামীন অবকাঠামো,পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা উন্নত না হওয়ার কারনে স্থানীয় জনগোষ্ঠী তাদের যোগাযোগ ও পন্য পরিবহনে সমস্যার সম্মুখিন হচ্ছে। তাই উপজেলার স্থানীয় গ্রামীণ অবকাঠামো,পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করা প্রয়োজন।

উপজেলার বিভিন্ন পর্যায়ের কৃষকদের সক্ষমতার এবং প্রযুক্তি ব্যবহারে দক্ষতার অভাব রয়েছে। কৃষি উপকরণ সরবরাহ এবং সেচনালার অবস্থা খুবই অপ্রতুল। ফলে কৃষি উৎপাদনে সম্ভাবনা থাকা সত্ত্বেও এ খাতে অর্জন কাঙ্খিত মাত্রায় উন্নীত হচ্ছে না। মৎস্য ও প্রাণিসম্পদ খাত একটি সম্ভাবনাময় অগ্রসরমান খাত। এই উপজেলার অনেক মানুষ মৎস্য ও প্রাণিসম্পদ খাতের সাথে সম্পৃক্ত। কিন্তু এ খাতে উন্নত প্রযুক্তির ব্যবহার ও উপযুক্ত প্রশিক্ষনের অভাব রয়েছে। যুব,ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক কার্যক্রম সমন্বিত পরিকল্পনা,উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবে অনেকটা গতিহীন। ফলে স্থানীয় যুবসমাজ নানাবিধ অসামাজিক কার্যক্রমে জড়িয়ে পড়েছে। অন্যদিকে মহিলা ও শিশুকল্যাণ বিষয়ক উন্নয়নে এই উপজেলা অনেক বেশি পিছিয়ে রয়েছে। স্থানীয় মহিলাদের সক্ষমতা ও ,উদ্যোক্তা উন্নয়নের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ,পুজির অভাব রয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য উপজেলার পরিস্থিতি বিশ্লেষন (Situation Analysis) করা হয়েছে। পার্বতীপুর উপজেলার পরিস্থিতি বিশ্লেষনের মাধ্যমে সম্পদের চিত্রায়ন, সমস্যা ও সমস্যার কারণ,উন্নয়ন সম্ভাবনা,সুযোগ,সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ,উন্নয়ন অগ্রাধিকার এবং আগামী ১ বছরের করণীয় চিহ্নিত করা হয়েছে। পার্বতীপুর উপজেলার বিভিন্ন খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন নিম্নোক্ত "ছক-২"/সারণীর মাধ্যমে বিস্তারিতভাবে বিন্যস্ত করা হয়েছে:

**"ছক ২"পার্বতীপুর উপজেলার বিভিন্ন খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন:**

| খাত | সমস্যা সমুহের বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলী | ১বছর পর অবশিষ্ট সমস্যা | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহন করা যেতে পারে। |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | সংখ্যা/ পরিমান | কারণ | | | |
| মাধ্যমিক শিক্ষা | মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো বিষয়ক সমস্যা বিদ্যমান | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় | ------টি শিক্ষা প্রতিষ্ঠান ------- | অর্থ সংকটের কারনে অবকাঠামো নির্মান করা যাচ্ছেনা। | শিক্ষা প্রকৌশলের মাধ্যমে ভবন | শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামো সমস্যা বিদ্যমান থাকবে। | শ্রেণিকক্ষ নির্মাণ করা যেতে পারে |
| | মাধ্যমিক পর্যায়ের | শিক্ষা | | শিক্ষার অনুকুল | নাই | ১৫শিক্ষা | শিক্ষা প্রতিষ্ঠানের |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র অভাব | প্রতিষ্ঠান পর্যায় | | পরিবেশের অভাব | | প্রতিষ্ঠানে সমস্যা বিদ্যমান থাকবে। | আসবাবপত্র,উচু-নীচু বেঞ্চ ও শিক্ষা উপকরণ সরবরাহ করা যেতে পারে |
| | মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে স্যানিটেশন ব্যবস্থা অপ্রতুল | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় | | ছাত্র/ছাত্রীদের ব্যক্তি হাইজিন বিষয়ক নানা ধরনের স্বাস্থ্য সমস্যা হ্চেছ। | নাই | ১৫ শিক্ষা প্রতিষ্ঠানে সমস্যা বিদ্যমান থাকবে। | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশব্লক নির্মাণ করা যেতে পারে। |
| | মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের অনলাইন শ্রেণিপাঠ দানের দক্ষতার অভাব রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় | | অনলাইন শ্রেণিপাঠদান ব্যহত হ্চেছ। | প্রশিক্ষণ কার্যক্রম চলমান | ১৫০ জন শিক্ষক প্রশিক্ষনের আওতার বাহিরে থাকবেন। | অনলাইন শ্রেণিপাঠ দানের দক্ষতার উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। |
মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো,আসবাবপত্র ও শিক্ষা উপকরনের স্বল্পতা রয়েছে। এ খাতে বিদ্যমান সমস্যার কারনে শিক্ষার মান কাঙ্খিত পর্যায়ে উন্নীত হচ্ছেনা। অত্র উপজেলার স্বাস্থ্য সেবার ক্ষেত্রে নানাবিধ সমস্যা বিদ্যমান। জনসংখ্যার অনুপাতে সরকারী সেবা খুবই অপ্রতুল। ফলে স্থানীয় পর্যায়ের সাধারন জনগন কাঙ্খিত স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিৎ হচ্ছে। তাছাড়া সরকারী ব্যবস্থপনায় স্বাস্থ্য শিক্ষা, সচেনতনতা,স্বাস্থ্য, অবকাঠামো নির্মাণ,স্বাস্থ্য উপকরণ/যন্ত্রপাতি সরবরাহ ব্যবস্থায় যথেষ্ঠ ঘাটতি রয়েছে। অপরদিকে পার্বতীপুর উপজেলায় জনস্বাস্থ্য,হাইজিন বিষয়ে সচেতনতা এবং ওয়াশব্লক,পানি ও স্যানিটেশন অবকাঠামো/স্থাপনার অভাব বিদ্যমান। পরিবার,সামাজিক প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে হাইজিন ও স্যানিটেশন ব্যবস্থা খুবই অপ্রতুল। বিদ্যমান এসব সমস্যার কারনে পার্বতীপুর উপজেলার স্থানীয় জনগোষ্ঠী পানি এবং বায়ুবাহিত নানাবিধ রোগে অক্রান্ত হচ্ছে। এই উপজেলার গ্রামীন অবকাঠামো,পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা উন্নত না হওয়ার কারনে স্থানীয় জনগোষ্ঠী তাদের যোগাযোগ ও পন্য পরিবহনে নানাবিদ সমস্যার সম্মুখিন হচ্ছে। তাই উপজেলার স্থানীয় গ্রামীণ অবকাঠামো,পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করা প্রয়োজন। উপজেলার বিভিন্ন পর্যায়ের কৃষকদের সক্ষমতার এবং প্রযুক্তি ব্যবহারে দক্ষতার অভাব রয়েছে।

কৃষি উপকরণ সরবরাহ এবং সেচনালার অবস্থা খুবই অপ্রতুল। ফলে কৃষি উৎপাদনে সম্ভাবনা থাকা সত্ত্বেও এ খাতে অর্জন কাঙ্খিত মাত্রায় উন্নীত হচ্ছে না। পার্বতীপুর উপজেলার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ খাত একটি সম্ভাবনাময় অগ্রসরমান খাত। এই উপজেলার স্থানীয় পর্যায়ের অনেক মানুষ মৎস্য ও প্রাণিসম্পদ খাতের সাথে সম্পৃক্ত। পারিবারিক এবং জাতীয় পুষ্টি চাহিদা পুরনে উন্নয়নে মৎস্য ও প্রাণিসম্পদ খাতের অবদান ব্যাপক। কিন্তু এ খাতে উন্নত প্রযুক্তির ব্যবহার ও উপযুক্ত প্রশিক্ষনের অভাব রয়েছে। তাই পার্বতীপুর উপজেলায় মৎস্য ও প্রাণিসম্পদ খাতের কাঙ্খিত মাত্রায় উন্নয়ন হচ্ছে না।

পার্বতীপুর উপজেলার যুব,ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক কার্যক্রম সমন্বিত পরিকল্পনা,উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবে অনেকটা গতিহীন। ফলে স্থানীয় যুবসমাজ নানাবিধ অসামাজিক কার্যক্রমে জড়িয়ে পড়েছে। অন্যদিকে মহিলা ও শিশুকল্যাণ বিষয়ক উন্নয়নের ক্ষেত্রে এই উপজেলা অনেক বেশি পিছিয়ে রয়েছে। স্থানীয় মহিলাদের সক্ষমতা উন্নয়নের জন্য প্রশিক্ষন,উদ্যোক্তা উন্নয়নের জন্য পর্যাপ্ত পুজি ও প্রনোদনার অভাব রয়েছে। তাই পার্বতীপুর উপজেলার যুব ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম এবং মহিলা ও শিশুদের উন্নয়নের বিদ্যমান সমস্যার সমাধানের জন্য উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।

বিদ্যমান সমস্যা সমাধানের জন্য উপজেলা পরিষদের সক্ষমতা, সম্পদ, সমস্যা,সম্ভাবনা ও চ্যালেঞ্জ এবং স্থানীয় জনগোষ্ঠীর খাতভিত্তিক উন্নয়ন চাহিদা অনুযায়ী উন্নয়ন অগ্রাধিকার নিরুপন করা এবং সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন। পার্বতীপুর উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) উল্লেখিত সম্যসা সমাধানের জন্য সুনির্দিষ্ট উন্নয়ন প্রকল্প অর্ন্তভুক্ত করা এবং বাস্তবায়ন করা প্রয়োজন।

**বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬) এ উন্নয়ন চাহিদা অগ্রাধিকার প্রাপ্ত খাতসমুহ:**

বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় খাত ভিত্তিক সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা সমাধানে বিভিন্ন দপ্তরের চলমান এবং আগামী ২০২৫-২০২৬ অর্থবছরের সম্ভাব্য কার্যাবলীকে অর্ন্তভুক্ত করা হয়েছে। পার্বতীপুর উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনায়(২০২৫-২০২৬) বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তর,জনপ্রতিনিধি,স্থানীয় স্টেকহোল্ডার কর্তৃক শিক্ষা, স্বাস্থ্য,পরিবহন ও যোগাযোগ, শিক্ষা উন্নয়ন,শিক্ষা অবকাঠামো নির্মাণ ও শিক্ষা উপকরণ সরবরাহ, জনসাস্থ্য, যুব ক্রীড়া, পল্লী উন্নয়ন ও সমবায়,সংস্কৃতি এবং মহিলা ও শিশুকল্যাণ, কৃষি,সেচ, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক খাতভিত্তিক উন্নয়ন চাদিা অর্ন্তভুক্তকরনের জন্য প্রস্তাব করা হয়:

**প্রথম উন্নয়ন অগ্রাধিকার-শিক্ষা উন্নয়ন,শিক্ষা অবকাঠামো নির্মাণ ও শিক্ষা উপকরণ সরবরাহ :** উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো ও উপকরনের স্বল্পতা রয়েছে। ফলে শিক্ষার মান কাঙ্খিত পর্যায়ে উন্নীত হচ্ছেনা। তাই পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ এ মাধ্যমিক পর্যায়ের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উন্নয়ন,শিক্ষা অবকাঠামো নির্মাণ ও শিক্ষা উপকরণ সরবরাহকে **১ম** উন্নয়ন অগ্রাধিকার খাত হিসাবে বিবেচনা করেছে।

**দ্বিতীয় উন্নয়ন অগ্রাধিকার- স্বাস্থ্য ও সমাজ কল্যাণ:** পার্বতীপুর উপজেলায় স্বাস্থ্য সেবার ক্ষেত্রে অনেক বেশি পিছিয়ে রয়েছে। তাছাড়া পার্বতীপুর উপজেলায় সরকারী ব্যবস্থপনায় স্বাস্থ্য শিক্ষা, সচেনতনতা,স্বাস্থ্য অবকাঠামো নির্মাণ,স্বাস্থ্য উপকরণ/যন্ত্রপাতি সরবরাহ ব্যবস্থায় যথেষ্ঠ ঘাটতি রয়েছে। ফলে স্থানীয় জনগোষ্ঠী প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিৎ হচ্ছে। তাই উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনা ২০২৫-২০২৬ এ স্বাস্থ্য সেবাকে ২য় উন্নয়ন অগ্রাধিকার খাত হিসাবে চিহ্নিত করেছে।

**তৃতীয় উন্নয়ন অগ্রাধিকার- জনসাস্থ্য:** পার্বতীপুর উপজেলাায় জনস্বাস্থ্য,হাইজিন বিষয়ে সচেতনতা এবং ওয়াশব্লক,পানি ও স্যানিটেশন অবকাঠামো/স্থাপনার অভাব বিদ্যমান।  পার্বতীপুর উপজেলায় পরিবার,সামাজিক প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে হাইজিন ও স্যানিটেশন ব্যবস্থা খুবই অপ্রতুল। তাই পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক  উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬)   জনস্বাস্থ্য উন্নয়ন বিষয়কে ৩য় উন্নয়ন অগ্রাধিকার খাত হিসাবে চিহ্নিত করেছে।

**চতুর্থ উন্নয়ন অগ্রাধিকার-কৃষি ও ক্ষুদ্র সেচ:** পার্বতীপুর উপজেলার বিভিন্ন পর্যায়ের কৃষকদের বিভিন্ন বিষয়ে সক্ষতা উন্নয়ন প্রশিক্ষন, কৃষি উপকরণ সরবরাহ এবং সেচনালার অবস্থা খুবই অপ্রতুল। তাই কৃষির উন্নয়ন ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পার্বতীপুর উপজেলা পরিষদ কৃষি ও ক্ষুদ্র সেচ ব্যবস্থার উন্নয়নকে  প্রনীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) ৪র্থ উন্নয়ন অগ্রাধিকার খাত  হিসাবে  চিহ্নিত করা হয়েছে।

**পঞ্চম উন্নয়ন অগ্রাধিকার-পরিবহন ও যোগাযোগ:**  পার্বতীপুর উপজেলার পরিবহন ও  যোগাযোগ  ব্যবস্থা উন্নত নয়। পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা উন্নত না হওয়ার কারনে স্থানীয় জনগন তাদের যোগাযোগ ও পন্য পরিবহনে নানাবিদ সমস্যার সম্মুখিন হচ্ছে। তাই পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) পরিবহন ও যোগাযোগ খাতকে  ৫ম উন্নয়ন অগ্রাধিকার খাত  হিসাবে  চিহ্নিত করেছে।

**৬ষ্ঠ উন্নয়ন অগ্রাধিকার-মৎস্য ও প্রাণিসম্পদ:** পার্বতীপুর উপজেলায় মৎস্য ও প্রাণিসম্পদ খাত একটি সম্ভাবনাময় খাত। কিন্তু এ খাতে দক্ষ জনবল, উন্নত প্রযুক্তি ও প্রশিক্ষনের অভাব রয়েছে। তাই উপজেলায় মৎস্য ও প্রাণিসম্পদ খাতের উন্নয়ন কাঙ্খিত মাত্রায় হচ্ছেনা। তাই পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) মৎস্য ও প্রাণিসম্পদ খাতকে  ৬ষ্ঠ উন্নয়ন অগ্রাধিকার  খাত হিসাবে বিবেচনা করা হয়েছে।

**সপ্তম উন্নয়ন অগ্রাধিকার- মহিলা  উন্নয়ন,শিশু ও** সমাজকল্যান: পার্বতীপুর উপজেলায় নারীদের শিক্ষা,কর্মসংস্থান  এবং উদ্যোক্তার অভাবে নারী  উন্নয়ন ও শিশুকল্যানে অনেক বেশী পিছিয়ে রয়েছে।স্থানীয় মহিলাদের সক্ষমতা  উন্নয়নের জন্য  প্রশিক্ষন,উদ্যোক্তা  উন্নয়নের জন্য পর্যাপ্ত পুজি ও প্রনোদনার অভাব রয়েছে । তাই নারী উন্নয়ন কার্যক্রম কাঙ্খিত সফলতা অর্জনে ব্যর্থ হচ্ছে। সমাজে নারীরা পিছিয়ে থাকলে সমান্তরালভাবে সামাজিক উন্নয়ন ও অগ্রগতি ব্যহত হবে। তাই  পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ কে সপ্তম উন্নয়ন অগ্রাধিকার খাত হিসাবে নির্ধারন করা হয়েছে।

**অষ্টম উন্নয়ন অগ্রাধিকার- পল্লী উন্নয়ন ও সমবায়:** প্রশিক্ষন,আর্থিক প্রনোদনা এবং আয়বর্ধক কার্যক্রম  যথাযথভাবে বাস্তবায়ন না হওয়ার কারনে স্থানীয় গ্রামীন জনপদে  পল্লী উন্নয়ন ও  সমবায় ব্যবস্থার কাঙ্খিত মাত্রায় উন্নয়ন হয়নি। তাই  পার্বতীপুর উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ এর  পল্লী উন্নয়ন ও  সমবায় ব্যবস্থার উন্নয়নকে অষ্টম  অগ্রাধিকার উন্নয়ন খাত  হিসাবে নির্বাচন করা হয়েছে।

**নবম উন্নয়ন অগ্রাধিকার-যুব ক্রীড়া, সংস্কৃতি উন্নয়ন:**পার্বতীপুর উপজেলায় সমন্বিত পরিকল্পনা,উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবে  যুব,ক্রীড়া ও সংস্কৃতিক বিষয়ক কার্যক্রম অনেকটা  পিছিয়ে রয়েছে। ফলে স্থানীয় যুবসমাজ নানাবিধ অসামাজিক কার্যক্রমে জড়িয়ে পড়েছে। স্থানীয় পর্যায়ের যুব,ক্রীড়া,খেলাধুলা ও সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য পার্বতীপুর উপজেলা পরিষদ বাজেটে বরাদ্ধ বৃদ্ধির মাধ্যমে উদ্যোগ গ্রহন করছে। তাই  পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) যুব ক্রীড়া, সংস্কৃতি বিষয়ক কার্যক্রমকে অষ্টম উন্নয়ন অগ্রাধিকার  খাত হিসাবে নির্ধারন  করেছে।

**দশম  উন্নয়ন অগ্রাধিকার-পরিচালন ও আইন-শৃংখলা উন্নয়ন** : পরিচালন ও আইন-শৃংখলা উন্নয়ন ব্যবস্থাকে পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ অর্থবছরের নবম উন্নয়ন অগ্রাধিকার হিসাবে নির্ধারণ করা করা হয়েছে।

**৭.২: পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২৫-২০২৬) খাতওয়ারি বিভাজন/ পরিকল্পনা ফরম্যাট:**

পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের ক্ষেত্রে পরিস্থিতি বিশ্লেষন,আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত বিশ্লেষন, বিভিন্ন দপ্তরের চলমান উন্নয়ন প্রকল্প,সমস্যা চিহ্নিতকরণ,সক্ষমতা ও সম্ভাবনা এবং চাহিদার অগ্রাধিকারকরণ করা হয়েছে। পরিস্থিতি বিশ্লেষনের উপর ভিত্তি করে পার্বতীপুর উপজেলা পরিষদ রুপকল্প,লক্ষ্য ও উদেশ্য,পরিমাপযোগ্য সূচক এবং প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করেছে।পপঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় আগামী ৫ বছরের বাস্তবায়নযোগ্য উন্নয়ন চাহিদার অভিষ্ঠ লক্ষ্যমাত্রা/সংখ্যা ও পরিমান,পরিমাপযোগ্য সূচক এবং উন্নয়ন অগ্রাধিকারক্রম অনুসারে  বছরভিত্তিক বাজেট/অর্থায়ন  বিভাজন অনুযায়ী তথ্য-উপাত্ত বিন্যাস্ত করা হয়েছে। উক্ত মধ্য-মেয়াদী পরিকল্পনার নীতি-নির্দেশনা অগামীর পথ দেখাবে যার মাধ্যমে পার্বতীপুর উপজেলা পরিষদ তার রুপকল্প,বার্ষিক লক্ষ্যমাত্রা  এবং প্রত্যাশিত ফলাফল কার্যকরি ও দক্ষতার সাথে অর্জন করতে সক্ষম হবে। পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনার খাতওয়ারি পরিকল্পনা ফরম্যাটের মাধ্যমে   নিমেন্নাক্ত ছক-৬/সারণীতে  বিস্তারিতভাবে দেখানো হয়েছে:

*ছক ৬:* **উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার খাতওয়ারি পরিকল্পনা ফরম্যাট:**

| প্রকল্পের বিবরণ | | | | | | সম্ভাব্য অর্থের পরিমান ( লক্ষ টাকায়) | অর্থের উৎস | আগ্রাধ: ক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র:নং | প্রকল্পের শিরোনাম | উন্নয়ন খাত | প্রত্যাশিত ফলাফল | অভিষ্ঠ সংখ্যা/ পরিমান | ২০২৪-২৫ | | | ১ম |
| ১ | মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষ/মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ  নির্মাণ | শিক্ষা | শিক্ষার মান উন্নয়ন | ৪টি | ৪ | ৪০.০০ | এডিপি | |
| ২ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ, কম্পিউটার ও সাউন্ড বক্স সরবরাহ | শিক্ষা | শিক্ষার মান উন্নয়ন | ৪টি বিদ্যালয় | ৪ | ১৫.০০ | এডিপি | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | উপজেলার ৩৫টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু সরবরাহ | শিক্ষা | শিক্ষার মান উন্নয়ন | ২৫০ জোড়া | ২৫০ | ৩০.০০ | ইউজিডিপি | |
| ৪ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশব্লক নির্মাণ | শিক্ষা | শিক্ষার্থীদের হাইজিন ব্যবস্থার উন্নয়ন | ৫টি প্রতিষ্ঠান | ৫ | ৩৫.০০ | ইউজিডিপি | |
| ৫ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ উন্নয়ন ও সংস্কার | শিক্ষা | শিক্ষা পরিবেশের উন্নয়ন | ২টি | ২ | ১০.০০ | এডিপি | |
| ৬ | মাধ্যমিক শিক্ষকদের অনলাইন শ্রেণিপাঠদানে বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | শিক্ষা | শিক্ষকদের দক্ষতার উন্নয়ন | ৫ ব্যাচ | ৫ | ২.০০ | এডিপি<br>ইউজিডিপি | |
| ৭ | উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | শিক্ষা | শিক্ষার্থী: স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি | ১৫ ব্যাচ | ১৫ | ২.০০ | ইউজিডিপি | |
| ৮ | উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | শিক্ষা | অধিকার প্রতিষ্ঠা ও শিক্ষার উন্নয়ন | ৭ ব্যাচ | ৭ | ৬.০০ | ইউজিডিপি | |
| ৯ | প্রাথমিক শিক্ষকদের অনলাইন শ্রেণিপাঠদানে বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | শিক্ষা | শিক্ষকদের দক্ষতার উন্নয়ন | ৫ ব্যাচ | ৫ | ৬.০০ | ইউজিডিপি | |
| ১০ | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ | শিক্ষা | শিক্ষা সহায়ক পরিবেশ সৃষ্ঠি | ১৫টি বিদ্যালয় | ১৫ | ৬.০০ | এডিপি | |
| ১১ | কমিউনিটি ক্লিনিকের সংস্কার ও সম্প্রসারন | স্বাস্থ্য | স্বাস্থ্য সেবার মান উন্নয়ন | ২টি | ২ | ৩.০০ | এডিপি | ২য় |
| ১২ | নতুন কমিউনিটি ক্লিনিকে নতুন রুম নির্মাণ | স্বাস্থ্য | স্বাস্থ্য সেবার মান উন্নয়ন | ২টি | ২ | ২০.০০ | ইউজিডিপি | |
| ১৩ | নব দম্পতি ও সন্তান জন্মদানে সক্ষম মায়েদের জন্ম নিয়ন্ত্রন বিষয়ে সচেতনতা উন্নয়ন অরিয়েন্টেশন | স্বাস্থ্য | পরিকল্পিত পরিবার গঠন | ৫ব্যাচ | ৫ | ৪.০০ | ইউজিডিপি | |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগী ও স্বজনদের বিশ্রামাগার নির্মাণ | স্বাস্থ্য | রোগী ও স্বজনদের বিশ্রামের ব্যবস্থাকরণ | ১টি | ১ | ২.০০ | এডিপি | |
| ১৫ | স্বাস্থ্যকর্মীদের ,বিসিসি বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | জনস্বাস্থ্য | ব্যবহার পরিবর্তন | ৫০টি | ৫ | ২.০০ | এডিপি | ৩য় |
| ১৬ | উপজেলার বিভিন্ন স্থানে সেচ নালা নির্মান ও ইউ ড্রেন নির্মাণ | কৃষি | সেচ ব্যবস্থার উন্নয়ন | ৩টি | ৩ | ১০.০০ | এডিপি | |
| ১৭ | কৃষকদের মাঝে ফুট পাম্প স্পেয়ার ও স্প্রে মেশিন সরবরাহ | কৃষি | কৃষি উন্নয়নে সহায়তাকরণ | ২০টি | ২০ | ১০.০০ | এডিপি | |
| ১৮ | কীটনাশক, রাসায়নিক সার ও বীজ ডিলারদের সচেতনতা উন্নয়ন প্রশিক্ষণ | কৃষি | ডিলারদের সচেতনতা উন্নয়ন | ১৫ব্যাচ | ৫ | ২.০০ | এডিপি | |
| ১৯ | আধুনিক পদ্ধতিতে তরমুজ ও ভাঙ্গি চাষে কৃষকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | কৃষি | প্রযুক্তি ব্যবহারে কৃষকদের দক্ষতা বৃদ্ধি | ১৫ব্যাচ | ৫ | ৪.০০ | ইউজিডিপি | |
| ২০ | উপজেলার বিভিন্ন বাজারে আরসিসি ড্রেন নির্মাণ | পরিবহন ও যোগাযোগ | পানি স্কিাশন ও জলাবদ্ধতা নিরসন | ৫০০. মি. | ১০০মি | ১৫.০০ | এডিপি | |
| ২১ | উপজেলার বিভিন্ন স্থানে গাইডওয়াল নির্মাণ। | পরিবহন ও যোগাযোগ | পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন | ২৫০মি. | ৫০মি. | ১০.০০ | এডিপি | |
| ২২ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তায় সোলার লাইট স্থাপন । | পরিবহন ও যোগাযোগ | সড়ক আলো-কিত-করণ | ৪০টি | ৪০ | ১৫.০০ | ইউজিডিপি | |
| ২৩ | বাস ষ্ট্যান্ড ও রাস্তার পার্শ্বে যাত্রী ছাউনী নিমাণ | পরিবহন ও যোগাযোগ | পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন | ৩টি | ১ | ১৫.০০ | ইউজিডিপি | |
| ২৪ | উপজেলা বিভিন্ন গ্রামীন বাজারে হাট সেড নির্মাণ | পরিবহন ও যোগাযোগ | বাজার উন্নয়ন | ১টি | ১ | ৩০.০০ | ইউজিডিপি | |
| ২৫ | উপজেলার বিভিন্ন ক্লাব সংগঠনে খেলা-ধূলার সামগ্রী বিতরণ | পরিবহন ও যোগাযোগ | খেলাধুলার উন্নয়ন | ২টি | ২ | ৬.০০ | এডিপি | |
| ২৬ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সাইকেল গ্যারেজ নির্মাণ | পরিবহন ও যোগাযোগ | শিক্ষার মান উন্নয়ন | ২টি | ২ | ১৫.০০ | এডিপি | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৭ | দুস্থ পরিবারের মধ্যে রিং-স্লাব বিতরন | পরিবহন ও যোগাযোগ | স্বাস্থ্য ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন | ২০০ টি | ২০০ | ৬.০০ | এডিপি | |
| ২৮ | ইউনিয়ন ভিত্তিক কৃত্রিম প্রজনন কেন্দ্র সংস্কার | মৎস্য ও প্রাণিসম্প | গবাদি পশুর উন্নয়ন | ১টি | ১ | ১.০০ | এডিপি | ৬ষ্ঠ |
| ২৯ | মিশ্র মাছ চাষ বিষয়ে মাছ চাষীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | মৎস্য ও প্রাণিসম্প | মাছ চাষীদের দক্ষতা বৃদ্ধি | ৩ব্যাচ | ৩ | ২.০০ | এডিপি | |
| ৩০ | গাভী পালন বিষয়ে খামারীদের দক্ষতা উন্নযন প্রশিক্ষন | মৎস্য ও প্রাণিসম্ | খামারীদের দক্ষতা উন্নযন | ৩ব্যাচ | ৩ | ৬.০০ | ইউজিডিপি | |
| ৩১ | বিউটি পার্লার বিষয়ে যুব মহিলাদেও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | মহিলা, শিশু সমাজকল্যান | কর্মসংস্থান সৃষ্টি | ৩ব্যাচ | ৩ | ৭.৫ | ইউজিডিপি | ৭ম |
| ৩২ | দরিদ্র শিক্ষার্থীদের মাঝে বাই-সাইকেল বিতরণ | মহিলা,শিশু সমাজকল্যান | শিক্ষার মান উন্নয়ন | ১০টি | ১০ | ৫.০০ | এডিপি | |
| ৩৩ | প্রশিক্ষিত নারীদের জন্য সেলাই মেশিন সরবরাহ | মহিলা,শিশু সমাজকল্যান | কর্মসংস্থান সৃষ্টি | ১০টি | ১০ | ৪.৫ | এডিপি | |
| ৩৪ | উপজেলার বিভিন্ন দরিদ্র পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণ | মহিলা,শিশু সমাজকল্যান | নিরাপদ পানি নিশ্চিতকরণ | ১০ট | ১০ | ৪.০০ | এডিপি | |
| ৩৫ | প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য হুইল চেয়ার বিতরণ | মহিলা,শিশু সমাজকল্যান | প্রতিবন্ধীদের সহায়তাকরণ | ৫টি | ৫ | ৪.০০ | এডিপি | |
| ৩৬ | প্রতিবন্ধী ব্যক্তিদের হাস পালন বিষয়ে দক্ষতা উন্নয়ন | মহিলা,শিশু সমাজকল্যান | কর্মসংস্থান সৃষ্টি | ৯ব্যাচ | ৩ | ৪.৫ | ইউজিডিপি | |
| ৩৭ | নকশী কাথা সেলাই বিষয়ে নারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ১ব্যাচ | ১ | ২.০০ | ইউজিডিপি | |
| ৩৮ | এমব্রয়ডারী ও এপ্লিক কারুকাজে নারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ১ব্যাচ | ১ | ২.০০ | ইউজিডিপি | |
| ৩৯ | ব্লাক বেঙ্গল ছাগল পালন বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ৪ব্যাচ | ৪ | ২.০০ | এডিপি | |
| ৪০ | বেকার যুবকদের জন্য ইলেক্টিক ও হাউস ওয়ারিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ১ব্যাচ | ১ | ২.০০ | ইউজিডিপি | ৯ম |
| ৪১ | বেকার যুবকদেও কর্মসংস্থানের জন্য মোবাইল সার্ভিসিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ১ব্যাচ | ১ | ২.০০০ | ইউজিডিপি | |
| ৪২ | বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য আউট সোর্সিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ১৩ব্যাচ | ১ | ২.০০০ | এডিপি | |
| ৪৩ | বেকার যুবকদেও কর্মসংস্থানের জন্য মোটর ড্রাইভিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ১ব্যাচ | ১ | ২.০০ | ইউজিডিপি | |
| ৪৪ | বেকার যুবদের জন্য কম্পিউটার বিষয়ক প্রশিক্ষন প্রদান | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ১ব্যাচ | ১ | ২.০০ | ইউজিডিপি | |
| ৪৫ | শিক্ষা প্রতিষ্ঠান, যুব ক্লাব সংগঠনে খেলাধুলার উপকরণ সরবরাহ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | খেলাধুলার মান উন্নয়ন | ১০টি | ১০ | ৪.০০ | এডিপি | |
| ৪৬ | মৌচাষীদের আধুনিক পদ্ধতিতে মৌচাষ বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৬ব্যাচ | ২ | ২.০০ | ইউজিডিপি | |
| ৪৭ | ভুমি ব্যবস্থাপনা বিষয়ে স্থানীয় নেতৃবৃন্দের সচেতনতা উন্নয়ন বিষয়ক অরিয়েন্টেশন | পরিচালন ও আইন-শৃংখলা | ভুমি বিষয়ে সচেনতা বৃদ্ধিকরণ | ৩ ব্যাচ | ৩ | ২.০০ | ইউজিডিপি | ১০ম |
| ৪৮ | বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দক্ষতা উন্নয়ন | পরিচালন | পরিচালন ব্যবস্থার | ৪ ব্যাচ | ৪ | ২.০০ | ইউজিডিপি | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রশিক্ষন | ও আইন-শৃংখলা | উন্নয়ন | | | | | |
| ৪৯ | তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অবমুক্ত-করণ নীতিমালা ২০১৫ বিষয়ে অরিয়েন্টেশন | পরিচালন ও আইন-শৃংখলা | তথ্য প্রদান বিষয়ে দক্ষতার উন্নয়ন। | ৪টি | ২ | ৩.০০ | এডিপি | |
| ৫০ | বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন বিষয়ক সভার আয়োজন | পরিচালন ও আইন-শৃংখলা | পরিকল্পিত উন্নয়নে সহায়তাকরণ | ২টি | ২ | ২.০০ | এডিপি | |
| ৫১ | বার্ষিক বাজেট প্রনয়ন বিষয়ক সভার আয়োজন | পরিচালন ও আইন-শৃংখলা | পরিকল্পিত উন্নয়নে সহায়তাকরণ | ২টি | ২ | ১ | ইউজিডিপি | |
| ৫২ | শিক্ষার্থীদের স্যোসাল মিডিয়া ব্যবহার ও ডিজিটাল নিরাপত্তা আইন বিষয়ে সচেতনতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ | আইন-শৃংখলা | স্যোসাল মিডিয়া ব্যবহারে সচেতনতা বৃদ্ধি | ১০ ব্যাচ | ১০ | ৪.০০ | ইউজিডিপি এডিপি | |

# অষ্টম অধ্যায়ঃ



**৮.১:বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ এবং মধ্যবর্তী ও চুড়ান্ত মূল্যায়নঃ**

**বার্ষিক উন্নয়ন পরিকল্পনা** (২০২৫-২০২৬) **বাস্তবায়ন পদ্ধতিঃ** বার্ষিক উন্নয়ন পরিকল্পনা একটি মৌলিক স্বল্পমেয়াদী পরিকল্পিত উন্নয়ন পরিকাঠামো। সরকারি নির্দেশনা,পরিপত্র,আইন ও বিধিমালার বিভিন্ন প্রক্রিয়া অনুসরনপূর্বক জনআকাঙ্খা ও জনচাহিদার ভিত্তিতে অংশগ্রহনমুলক সিদ্ধান্ত গ্রহনের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬) বাস্তবায়ন করা হবে। নিয়মতান্ত্রিক প্রক্রিয়া অনুসরণপুর্বক পরিকল্পিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনার অর্ন্তভুক্ত নাই এমন কোন কার্যক্রম বাস্তবায়ন করা যাবেনা। । উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর সরকারি ক্রয় বিধি ও আর্থিক বিধিমালা অনুসরণপুর্বক ক্রয়কার্য বা প্রকল্প সমুহ বাস্তবায়ন করা হবে।

**বার্ষিক উন্নয়ন পরিকল্পনা পরিবীক্ষণঃ** বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিয়মিত পরিবীক্ষন করা প্রয়োজন। বার্ষিক পরিকল্পনার পরিবীক্ষণ নিয়মিতভাবে বার্ষিক ভিত্তিতে কমিটির মাধ্যমে নিয়মিতভাবে মনিটরিং করা হবে। পরিবীক্ষনের মাধ্যমে পরিকল্পিত কাঠামোর মধ্যে সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ এবং ত্রুটি-বিচ্যুতি সংশোধনের সুযোগ তৈরী করতে সহায়তা করবে যার মাধ্যমে বার্ষিক পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত হবে। বার্ষিক পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করবেন উপজেলা চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করবেন

## বার্ষিক উন্নয়ন পরিকল্পনার দ্বিতীয় অংশ

# নবম অধ্যায় :



**৯.১:উপজেলার পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনা: স্বচ্ছতা ,জবাবদিহীতা ও সুশাসন:**

**পরিচালন ব্যবস্থার(গভর্ন্যান্স) উন্নয়ন:**
উপজেলার পরিচালন ব্যবস্থার উন্নয়নের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) ২০২১ সাল থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে।_নিরপেক্ষ, স্বচ্ছ ও দায়বদ্ধ প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিতকরনের জন্য প্রয়োজন সুশাসন এবং সুশাসন নিশ্চিতকরনের জন্য প্রয়োজন উপজেলা পরিষদের পরিচালন ব্যবস্থার (গর্ভন্যান্স ) উন্নয়ন করা হবে। উপজেলা পরিষদের পরিচালন ব্যবস্থা উন্নয়নের জন্য প্রয়োজন আইনের শাসন প্রতিষ্ঠা,বিধি,পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা এবং জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণসহ জনকল্যাণমূলক কাজ করা। পার্বতীপুর উপজেলা পরিষদ তার গর্ভন্যান্স ) উন্নয়নের জন্য নিয়মিতভাবে মাসিক সভা,উপজেলা কমিটির সভা,উপজেলা উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা, বার্ষিক বাজেট সভা পদ্ধতিগত ও কার্যকর ভাবে আয়োজন কববে।

উপজেলা পরিষদ বিধি মোতাবেক বার্ষিক পরিকল্পনা,বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন, বার্ষিক আর্থিক হিসাব বিবরণী,বার্ষিক প্রতিবেদন তৈরী এবং সিটিজেন চার্টার প্রদর্শন ও তথ্য উন্মুক্তকরণ সহজীকরণ ও গণশুনানীর আয়োজন করবে। তাছাড়া আইন ও বিধি মোতাবেক ক্রয় কার্য সম্পাদন, সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ, খাতওয়ারি বিভাজন, প্রকল্প কার্যক্রম মনিটরিং এবং উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার করার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহন করেছে যাহা বাধ্যতামুলকভাবে অনুসরণ করা হবে। উপজেলার গভর্ন্যান্স উন্নয়নের জন্য পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) নিম্নোক্ত কার্যক্রম গ্রহন করেছে:

**প্রকল্প কার্যক্রম মনিটরিং :** মনিটরিং টীমের মাধ্যমে প্রকল্পের কাজ মনিটরিং করা হবে। উক্ত মনিটরিং টীম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্পের কাজের অগ্রগতি এবং প্রতিবেদন দাখিল করবে। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি সভায় আলোচনা পূর্বক তা উপজেলা পরিষদে প্রেরণ করবে। প্রতিটি বিল পরিশোধের পূর্বে কাজের অগ্রগতি এবং মূল্যায়ন সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হয়ে বিল পরিশোধ করবে। এছাড়া প্রতিটি প্রকল্পস্থলে একটি পরিদর্শন বহি থাকবে সেখানে পরিষদের সদস্যবৃন্দ এবং এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি পরিদর্শন পূর্বক মূল্যায়ন করে মন্তব্য লিখবেন। উপজেলা পরিষদের মাসিক সভায় প্রকল্পের অগ্রগতি এবং মূল্যায়ন সম্পর্কে আলোচনা করা হবে।

**সুশাসন:** উপজেলা পরিষদের সকল সিদ্ধান্ত গ্রহন ও বাস্তবায়ন অংশগ্রহনমুলক আলোচনার মাধ্যমে আইন,পরিপত্র,নির্দেশিকা, বিধি,পরিপত্র ও গাইডলাইনের আলোকে নিষ্পন্ন করা হয়। উপজেলার পরিচালনা ব্যবস্থার উন্নয়ন ও সুশাসন চর্চার ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণ করা হয়। উপজেলা পরিষদ তার কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহীতা বজায় রেখে আইনের শাসন প্রতিষ্ঠা ও জনকল্যাণমূলক কাজ করে থাকে । উপজেলা পরিষদের সুশাসনের ফলে জনগণের নাগরিক দায়িত্ববোধে সোচ্চার হয়। তাই পার্বতীপুর উপজেলা পরিষদ তার সকল কার্যক্রমের ক্ষেত্রে সুশাসন নিশ্চিত করবে।

**নাগরিক সনদ/সিটিজেন চার্টার প্রকাশ ঃ** সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে পার্বতীপুর উপজেল প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদের হস্তান্তরিত সকল বিভাগের নাগরিক সনদ/সিটিজেন চার্টার প্রকাশ এবং ওয়েবপোর্টালে আপলোড করার উদ্যোগ গ্রহন করেছে। সংশ্লিষ্ট বিভাগের সেবা পেতে কোন অসুবিধা হয় কিনা সে বিষয়ে নাগরিকদের মতামত গ্রহণ এবং সে প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করা হয়। নাগরিক সনদ/সিটিজেন চার্টার অনুযায়ী দপ্তর ভিত্তিক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ তার প্রচেষ্ঠা অব্যহত রাখার চেষ্টা করবে।

**পদ্ধতিগতভাবে মাসিক সভা ঃ** শক্তিশালী ও জবাবদিহিতামূলক উপজেলা পরিষদ গঠনের লক্ষ্যে নিয়মিত মাসিক সভা আয়োজন করা হয়। । কার্যপত্র অনুসরণপূর্বক সুনির্দিষ্ট এজেন্ডা ভিত্তিক অংশগ্রহণমূলক পদ্ধতিতে সভা পরিচালনা করা এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় জনপ্রতিনিধিদের ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করা হয়। সভার কার্য বিবরণী তৈরী করা এবং সংশ্লিষ্টদের নিকট নিয়মিতভাবে প্রেরণ করা হয়। বিধি মোতাবেক সকল নিষ্পন্নযোগ্য কার্যক্রম উক্ত মাসক সভার মাধ্যমে নিষ্পন্ন করা হয়। তাই পার্বতীপুর উপজেলা পরিষদ নিয়মিতভাবে মাসিক সভা আয়োজনের প্রচেষ্টা অব্যহত থাকবে।

**বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন:** বিধি মোতাবেক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা সাথে সামঞ্জস্যতার ভিত্তিতে সকল প্রক্রিয়া অনুসরনপূর্বক প্রতিবছর বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা সংশোধন আনা হয় তাহলে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেটে সে অনুযায়ী সংশোধন করতে হবে।

**বার্ষিক বাজেট সভা ঃ** উপজেলা পরিষদ আইন ১৯৯৮(১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ মোতাবেক উপজেলা পরিষদের বাজেট (প্রনয়ন ও অনুমোদন)) বিধিমালা ২০১০ অনুসরন পূর্বক পার্বতীপুর উপজেলা পরিষদ কর্তৃক নিয়মিতভাবে বিধি মোতাবেক সকল প্রক্রিয়া অনুসরণপূর্বক বার্ষিক বাজেট প্রনয়ন করা হয়। উপজেলা পরিষদের বার্ষিক বাজেট প্রনয়নের সাথে সংশ্লিষ্ট অংশীজনকে সম্পৃক্ত করা হয়। জনগনের মমতামত,পরামর্শ ও সুপারিশের আলোকে বার্ষিক বাজেট প্রনয়ন করা হয়। স্থানীয় জনগন ও সংশ্লিষ্ট ষ্টেকহোল্ডারদের মতামত ও পরামর্শের ভিত্তিতে সংযোজন/বিয়োজনের জন্য খসড়া বাজেট কপি উন্মুক্ত করা হয়। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের জন্য চুড়ান্ত বাজেটের কপি সংশ্লিষ্ট অংশীজনকে প্রদান করা হয়। তাছাড়া পরিষদের নোটিশবোর্ড ও ওয়েব সাইটে অবমুক্ত করা হয়।

**বার্ষিক আর্থিক হিসাব বিবরণী:** উপজেলা পরিষদ তার আর্থিক বছর সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশিত ফরম্যেট অনুসরণপূর্বক সদ্য সমাপ্ত অর্থবছরের বার্ষিক আর্থক হিসাব বিরনী প্রস্তুত করবে। বার্ষিক আর্থিক হিসাব বিবরণী মাসিক সভায় অনুমোদনের পর নির্ধারিত

৩১ ডিসেম্বর মাসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। নির্দেশনা মোতাবেক বার্ষিক আর্থিক হিসাব বিবরণী নোটিশ বোর্ড,ওয়েব পোর্টালে আপলোডসহ স্থানীয় সরকার বিভাগে নিয়মিতভাবে প্রেরণ করা হয়।

**বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন:** সঠিক পরিকল্পনার মাধ্যমেই কার্যকর বাস্তবায়ন সম্ভব। প্রতি অর্থবছরের শুরুতেই বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন করা হবে। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসরন পুর্বক পার্বতীপুর উপজেলা পরিষদের যাবতীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন করার চেষ্টা করা হবে।

**আইন ও বিধি মোতাবেক ক্রয় কার্য সম্পাদন:** সরকারি আইন ও বিধিমালার আলোকে স্বচ্ছতার সহিত পরিষদের সকল ক্রয় কার্য সম্পাদন করবে। পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধি ২০০৮ এর তফসিল ৫(গ,ঘ,ঙ) অনুসরনপুর্বক পার্বতীপুর উপজেলা পরিষদের সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে।

**সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ:**বিধি অনুযায়ী পার্বতীপুর উপজেলা পরিষদ দুটি আলাদা রেজিস্টারে নির্দেশিত**"ছক"**মোতাবেক স্থাবর ও অস্থাবর সম্পদ লিপিবদ্ধ

করবে । নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ তার প্রতিটি সম্পদের আলাদা আইডি নম্বর ব্যবহার করবে। প্রতিবছর নির্ধারিত সময়ে উপযুক্ত কতৃপক্ষ কর্তৃক সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে সকল সম্পদের তথ্য হালনাগাদ করবে।

**খাতওয়ারি বিভাজন:** উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুসরণপুর্বক উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসুচি ও উন্নয়ন কার্যক্রম /প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ক্ষেত্রে উন্নয়ন খাত ভিত্তিক খাতওয়ারি বিভাজন অনুসরণ করা হবে। উক্ত নির্দেশিকায় নিষিদ্ধ কোন কার্যক্রম পার্বতীপুর উপজেলা পরিষদ কোনক্রমেই বাস্তবায়ন করবেনা।

**বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি) ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন:** প্রতি অর্থবছর সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগের নির্ধারিত 'ছক' মোতাবেক পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি) ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত করবে। পার্বতীপুর উপজেলা পরিষদ সদ্য সমাপ্ত অর্থবছরে বাস্তবায়িত বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি) ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন ৩১ আগষ্ট তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

**উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার:** উন্নয়ন প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ক্ষেত্রে উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুসরণপুর্বক পার্বতীপুর উপজেলা পরিষদ উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট (ইউপিপি) ব্যবহার করার চেষ্টা করবে।

**উপজেলা কমিটির সভা ঃ** কার্যকর উপজেলা পরিষদ গঠনে স্থায়ী কমিটির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। পার্বতীপুর উপজেলা পরিষদের ১৭ কমিটি বিধি মোতাবেক গঠন করা হয়েছে এবং দুইমাস অন্তর অন্তর উক্ত কমিটির সভা আয়োজনের চেষ্টা করা হয়। উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরুপে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন ইস্যুতে উপজেলা কমিটি মতামত,সুপারিশ ও পরামর্শ দান করার মাধ্যমে সক্রিয় ভাবে সহযোগিতা প্রদান করে থাকে।

**উপজেলা উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা:** উন্নয়ন প্রকল্প বাছাই ও অগ্রাধিকারকরণের ক্ষেত্রে বিধি ও নির্দেশিকা মোতাবেক পার্বতীপুর উপজেলা পরিষদ উিন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা নিয়মিত ও পদ্ধতিগতভাবে আয়োজন করার চেষ্টা করছে। উক্ত কমিটির মাধ্যমে উপজেলার উন্নয়ন প্রকল্প নির্বাচনও যাচাই বাছাই হলে সকল উন্নয়ন খাতের প্রাক্কলন ও বিভাজনে সহজতর হয়। তাই উপজেলা উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা নিয়মিত আয়োজনের জন্য অঙ্গীকারাবদ্ধ।

**নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার:** পরিষদ প্রকল্প ও বাস্তবায়নে নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার দেওয়ার চেষ্টা করে থাকে। উপজেলা নারী ফোরামের জন্য উন্নয়ন বাজেটের ৩% এবং উপজেলা পরিষদের ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৯/০৫/২০২১ খ্রি: তারিখে জারিকৃত নির্দেশনা রয়েছে। তাই নির্দেশনা মোতাবেক পার্বতীপুর উপজেলা পরিষদের উন্নয়ন বরাদ্দের ৩% বাজেট নারী ফোরামকে বরাদ্দ এবং ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহন করবে।

**তথ্য উন্মুক্তকরন:** তথ্য অধিকার আইন ২০09 এবং তথ্য অবমুক্তকরন নীতিমালা ২০১৫ অনুসরন পুর্বক পার্বতীপুর উপজেলা পরিষদ স্ব-প্রনোদিত তথ্য প্রদানের ক্ষেত্রে সিটিজেন চার্টার বিল বোর্ডের মাধ্যমে সাধারন জনগনের জন্য উন্মুক্ত করেছে। অপরদিকে, সিটিজেন চার্টার,বার্ষিক বাজেট,ফান্ড প্রাপ্তি,উন্নয়ন প্রকল্প এবং বিভিন্ন হালনাগাদ তথ্যাবলী উপজেলা পরিষদের নোটিশ বোর্ড,ফেইসবুক পেইজ এবং ওয়েবপোর্টালের মাধ্যমে সাধারন জনগনে জন্য উন্মুক্ত করা হয়। তাছাড়া জনগন ও বিভিন্ন অংশীজনের চাহিদা মাফিক বিধিমোতাবেক তথ্য প্রদান করা ।

**গণশুনানী ঃ** উপজেলা পরিষদ ও প্রশাসন কর্তৃক সেবা সম্পর্কে জনগনের মতামত,অভিযোগ নিষ্পত্তি ও সমস্যা সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পর্যায়ে প্রতি বুধবার গণশুনানীর আয়োজন করা হয়। উক্ত গণশুনানীর মাধ্যমে বিভিন্ন দপ্তর সম্পর্কে জনগনের অভিযোগ নিষ্পত্তি করা হয় এবং সরকারী সেবা প্রদান ও সেবা গ্রহনের প্রক্রিয়া সম্পর্কে ধারনা প্রদান করা হয়। তাছাড়া গণশুনানীর মাধ্যমে সরকারী সেবার ধরন,সেবার মান এবং সেবা সম্পর্কে জনগনের সন্তুষ্টির মাত্রা সম্পর্কে সঠিক ধারনা পাওয়া যায়। উক্ত গণশুনানীর ফলে সমস্যা সমাধান এবং জনআকাংখা ও জনচাহিদা পুরনের জন্য উপজেলা পরিষদ তথা সরকারের কার্যকর উদ্যোগ গ্রহনের সুযোগ সৃষ্টি হয়

**'ছক ৮:পার্বতীপুর উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৫-২০২৬) পরিচালন ব্যবস্থার(গভর্ন্যান্স) উন্নয়ন পরিকল্পনা:**

| পরিকল্পিত গর্ভন্যান্স উন্নয়ন কার্যক্রম | সময় | সংখ্যা/ পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের মাসিক সভা | প্রতি মাসে | ১২টি | প্রতি বছর (জুলাই-জুন) নির্ধারিত তারিখ মোতাবেক |
| বার্ষিক বাজেট সভা | এপ্রিল/মে মাস | ২টি | খসড়া ও চুড়ান্ত। নির্ধারিত 'ছক'মোতাবেক |
| উপজেলা কমিটির (১৭) সভা | সিডিউল মোতাবেক | - | প্রতিটি কমিটির সভা দুই মাসে একবার |
| বার্ষিক পরিকল্পনা সভা | মার্চ মাস | ১টি | নির্ধারিত 'ছক'মোতাবেক। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) এবং দ্বিতীয় তফসিল (ধারা ২৩) |
| বার্ষিক ক্রয় পরিকল্পনা সভা | জুন মাস | ১টি | নির্ধারিত 'ছক'মোতাবেক। উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা ২০১০। |
| উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা | প্রয়োজন অনুযায়ী | - | উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুযায়ী |
| সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ | অর্থবছরের মধ্যে | ১/২ বার | অর্থবছরের মধ্যে কমপক্ষে ১ বার। |
| এডিপি ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন | আগষ্ঠ মাস | ১ বার | ৩১ আগষ্ট মাসের মধ্যে। উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ |
| বার্ষিক আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন | ডিসেম্বর মাস | ১ বার | ৩১ ডিসেম্বর। নির্ধারিত 'ছক'মোতাবেক। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক |
| উন্নয়ন কার্যক্রমের খাতওয়ারি বিভাজন | মার্চ/এপ্রিল | ২ বার | উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুযায়ী বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নের সময় |
| নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার | সব সময় | - | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখে জারিকৃত নির্দেশনা। |
| উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার | প্রকল্প প্রস্তাব গ্রহনের সময় | | উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ |
| ক্রয় কার্য সম্পাদন | প্রয়োজন সাপেক্ষে | - | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধি ২০০৮ |
| প্রকল্প কার্যক্রম মনিটরিং/পরিবীক্ষণ | নিয়মিতভাবে | - | প্রকল্প চলাকালীন সময়ে |
| সিটিজেন চার্টার প্রকাশ | সব সময় | - | গর্ভন্যান্স ইনোভেশন ইউনিট,প্রধান মন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক। |
| ওয়েব পোর্টাল হালনাগাদ | নিয়মিতভাবে | - | নির্দেশনা মোতাবেক |
| তথ্য উন্মুক্তকরন | সব সময় | - | তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অবমুক্তকরন নীতিমালা ২০১৫ অনুসরন পুর্বক। |
| গণশুনানী | প্রতি বুধবার | - | জনগনের মতামত,অভিযোগ নিস্পত্তি ও সমস্যা সমাধানের জন্য |
| বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন প্রনয়ন | অর্থবছর সমাপ্তির পর | ১বার | প্রতিবছর ৩১ আগষ্ট মাসের মধ্যে |

# দশম অধ্যায় :



**১০.১:বার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদন প্রনয়ন ও নমুনা ফরম্যাট:**

উপজেলা অর্থ ,বাজেট ,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি এবং টিজিপি'র সহায়তায় উপজেলা পরিষদ তার বার্ষিক পরিকল্পনার পর্যবেক্ষণ-সমুহ সমন্বয় করে পঞ্চবার্ষিক পরিকল্পনার পর্যবেক্ষণ সম্পন্ন করবে। তাই প্রতি বছরের বাস্তবায়িত প্রকল্পের ও কার্যপ্রনালীর প্রত্যাশিত ফলাফল কতটুকু অর্জিত হয়েছে এবং কতটুকু ব্যত্যয় রয়েছে তার উপর ভিত্তি করে বার্ষিক পরিকল্পনার বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন তৈরী করতে হবে। বার্ষিক প্রতিবেদনের ছকে 'বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, ফলাফল, পরিমাপযোগ্য সূচক,, অগ্রগতি অর্জন(%) ,সম্পদ(%) এবং উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ন শিক্ষনীয় বিষয়সমুহ উল্লেখ করতে হবে। তবে প্রতি অর্থবছর সমাপ্তির পর বার্ষিক পরিকল্পনার পর্যবেক্ষন প্রতিবেদন উপজেলার মাসিক সভায় পর্যালোচনার পর করনীয় নির্ধারণ করবে। বার্ষিক পরিকল্পনার উক্ত বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন উপজেলা পরিষদ জেলা প্রশাসক ও উপপরিচালক এর (স্থানীয় সরকার) কার্যালয়ে প্রেরণ করবে। বার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট নিম্নরুপ:

**ছক ৯: বার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট:**

| *ক্র: নং* | **বার্ষিক পরিকল্পনার লক্ষ্য** | **ফলাফল** | **পরিমাপযোগ্য সূচক** | **এই পর্যন্ত অর্জন(%)** | **সম্পদ(%)** |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**(ক) বার্ষিক প্রতিবেদন কালিন সময়ে উল্লেখযোগ্য বিষয়সমুহ:**

১.--------------------------------------------------
২.--------------------------------------------------
৩.--------------------------------------------------
৪.--------------------------------------------------

**(খ) গুরুত্বপূর্ন শিক্ষনীয় বিষয়সমুহ:**

১--------------------------------------------------
২.--------------------------------------------------
৩.--------------------------------------------------
৪.--------------------------------------------------

**দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর**

# একাদশ অধ্যায়ঃ

**১১.১: উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক বিভিন্ন কমিটি:** পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক ৩টি কমিটি তথ্য-উপাত্ত সংগ্রহ ও সন্নিবেশ /বিন্যস্ত করার বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করাবেন। কমিটি ৩টি হলো; উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক মূল কমিটি, উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি এবং বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি)।

**১১.১.২:(ক) উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক মূল কমিটি:** পার্বতীপুর উপজেলা পরিষদের সকল সদস্য সমন্বয়ে একটি বার্ষিক পরিকল্পনা (২০২৫-২০২৬) প্রণয়ন বিষয়ক মূল কমিটি থাকবে যাদের কাজ হবে পরিকল্পনা প্রণয়ন বিষয়ক যাবতীয় কাজের সমন্বয় করা । উপজেলা পরিষদের প্রশাসনিক এলাকার মধ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান,পৌর মেয়র ,ইউপি চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান,সংরক্ষিত মহিলা সদস্যবৃন্দ এবং হস্তান্তরিত দপ্তরের দপ্তর প্রধানগন/সকল সদস্য উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক মূল কমিটির সদস্য হবেন। তবে নির্বাচিত জনপ্রতিনিধিগন হবেন উপজেলা পরিষদের ভেটিং সদস্য এবং হস্তান্তরিত দপ্তর প্রধানগন হবেন নন-ভেটিং সদস্য। পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের মূল কমিটির সদস্যদের নামের তালিকা নিম্নরুপ:

**ছক ১০: পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক বিভিন্ন কমিটির সদস্যদের তালিকা:**

| ক্র:নং | উপজেলা পরিষদের সদস্যবৃন্দ | ক্র:নং | উপজেলা পরিষদের সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ১ | চোরম্যান/প্রশাসক,উপজেলা পরিষদ,পার্বতীপুর,দিনাজপুর | ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর,দিনাজপুর | ১৭ | উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর |
| ৩ | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ,পার্বতীপুর,দিনাজপুর | ১৮ | উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) পার্বতীপুর,দিনাজপুর |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | ১৯ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর |
| ৫ | উপজেলা কৃষি কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ৮ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ৯ | উপজেলা প্রকৌশলী, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | | |

**১১.১.৩: (খ) উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি:** উপজেলা পরিষদ (সংশোধন) আইন ২০১১ এর ২৯ (১) ধারা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যবলী সুচারুপে সম্পাদন করার জন্য ১৭টি উপজেলা (স্থায়ী ) কমিটি গঠন করা হয়েছে। **উক্ত** ১৭টি কমিটির মধ্যে অন্যতম হচ্ছে উপজেলা পরিষদের অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ে তথ্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতা প্রদান করা। পার্বতীপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রনয়নের জন্য উক্ত কমিটি প্রয়োজনীয় তত্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতা প্রদান করেছে। উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সদস্যদের নামের তালিকা নিম্নোক্ত ছক-৯/সারণীতে বিন্যস্ত করা হয়েছে:

**১১.১.৪: (গ) উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কারিগরি কমিটি :** উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কারিগরি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কাজ হচ্ছে আর্থ-সামজিক তথ্য-উপাত্ত ও পরিস্থিতি বিশ্লেষন করা এবং চলমান উন্নয়ন কার্যক্রম বিভিন্ন সারণিতে বিন্যস্থ করা ও বার্ষিক পরিকল্পনা ফরম্যাটের সারণিতে অভিষ্ঠ লক্ষ্য ও পরিমাপনযোগ্য সুচক বিন্যস্থ করা। বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি) সদস্যদের নামের তালিকা নিম্নোক্ত ছক-১২/সারণীতে বিন্যস্ত করা হয়েছে:

**ছক ১২:বার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি) সদস্য:**

| ক্র:নং | নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর,দিনাজপুর | সভাপতি |
| ২ | উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | সদস্য |
| ৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,পার্বতীপুর,দিনাজপুর | সদস্য |
| ৪ | উপজেলা আইসিটি অফিসার, পার্বতীপুর,দিনাজপুর | সদস্য |
| ৫ | মোঃ বুলবুল ইসলাম,ইউডিএফ-ইউজিডিপি, পার্বতীপুর,দিনাজপুর | সদস্য |
| ৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর,দিনাজপুর | সদস্য |
| ৭ | মোঃ রেজাউর রহমান, সিএ, উপজেলা পরিষদ, পার্বতীপুর,দিনাজপুর | সদস্য |
| ৮ | উপজেলা প্রকৌশলী, পার্বতীপুর,দিনাজপুর | সদস্য সচিব |

**উপসংহার :** উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত মোতাবেক টিজিপি গঠন এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। টিজিপি'র প্রারম্ভিক সভায় এবং অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সভায় বার্ষিক পরিকল্পনার পর্যালোচনার পর কর্মপরিকল্পনা তৈরী করা হয়। উপজেলা পরিষদ আইন ও বিধি মোতাবেক পরিকল্পনা প্রণয়নের সকল প্রক্রিয়া ও ধাপ অনুসরণপুর্বক পরিকল্পনায় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বিভিন্ন ছক/সারণিতে বিন্যস্ত করা হয়। অংশীজনের সাথে অংশগ্রহণমুলক আলোচনার মাধ্যমে চলমান কার্যাবলীর পরবর্তী প্রভাব বিশ্লেষণ এবং উন্নয়ন চাহিদা নির্বাচন ও চাহিদার অগ্রাধিকারকরণ করা হয়। সার্বিকভাবে স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন চাহিদাকে গুরুত্ব দিয়ে অংশীজনের মতামতের ভিত্তিতে পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়ন করা হয়েছে। আইন,নির্দেশনা,পরিপত্র ও ক্রয় বিধির আলোকে অংশগ্রহণমুলক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে পার্বতীপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২০২৬) বাস্তবায়ন করা হবে।